

MAGAZINE

GOPSAI AVINANDAN SANGHA

A Group of Institutions



ELIXIR

PAINTING | POETRY | ESSAY | STORY |
TRAVEL STORY | PHOTOGRAPHY | FUN & Many more



Presents

ELIXIR

is a student-driven official E-Magazine promoted by
GOPSAI AVINANDAN SANGHA GROUP OF INSTITUTIONS
that celebrates creativity, innovation, and talent of the students beyond the
classroom. It provides a platform for students to share their **IDEAS, ART** and
PASSIONS, inspiring personal and academic growth.

Published By :



Powered By :



Participating Organisations :

GOPSAI AVINANDAN SANGHA PRIMARY TEACHER'S TRAINING INSTITUTE

Chandrakona Town, Paschim Medinipur

Estd in 2003

Course Offering : **D.El.Ed, Prak Shastri**

Recognised by **National Council for Teacher Education (NCTE)**,

Govt. of India, and Govt. of West Bengal,

Affiliated to **West Bengal Board of Primary Education (WBBPE) &**

Central Sanskrit University (CSU), New Delhi



INSTITUTE OF SCIENCE AND TECHNOLOGY

Chandrakona Town, Paschim Medinipur

Estd in : 2005

Course Offering : **DIPLOMA (Polytechnic),**

DIPLOMA 2nd year (Voclet) in CE, ME, EE, CST, ETCE.

UG : **B.Tech/B.Tech (LAT)** - (CE, ME, EE, EEE, AEIE, ECE, IT, CSE)

PG : **M.Tech** (CE, ME, EE, ECE, CSE), **MCA**

Approved by **All India Council for Technical Education (AICTE)**

Affiliated to **Maulana Abul Kalam Azad University of Technology, West Bengal (MAKAUT), W.B.,**

Recognised by **University Grants Commission (UGC)**, New Delhi

for 2(f) & 12b under section 1956 of **(UGC)** Act



BENGAL COLLEGE OF TEACHER EDUCATION

Chandrakona Town, Paschim Medinipur

Estd in 2007

Course Offering : **B.Ed & M.Ed, Prak Shastri**

Recognised by **National Council for Teacher Education (NCTE)**, Govt. of India, and Govt. of W. B.,

Affiliated to **Baba Saheb Ambedkar Education University (BSAEU)**, West Bengal,

Central Sanskrit University (CSU), New Delhi



COLLEGE FOR TEACHER EDUCATION

Chandrakona Town, Paschim Medinipur

Estd in 2012

Course Offering : **D.El.Ed**

Recognised by **National Council for Teacher Education (NCTE)**, Govt. of India, and Govt. of W.B.

Affiliated to **West Bengal Board of Primary Education (WBBPE)**, West Bengal



ANINDITA COLLEGE FOR TEACHER EDUCATION

Nischintapur, Bhadutala, Paschim Medinipur

Estd in 2014

Course Offering : **B.Ed, Prak Shastri**

Recognised by **National Council for Teacher Education (NCTE)**, Govt. of India, and Govt. of W. B.

Affiliated to **Baba Saheb Ambedkar Education University (BSAEU)**

& **Central Sanskrit University (CSU), New Delhi**



INSTITUTE FOR TEACHER EDUCATION

Chandrakona Town, Paschim Medinipur

Estd in 2014

Course Offering : **B.Ed**

Recognised by **National Council for Teacher Education (NCTE)**, Govt. of India, and Govt. of W. B.

Affiliated to **Baba Saheb Ambedkar Education University (BSAEU)**, West Bengal





EXCELLENT MODEL COLLEGE FOR TEACHER EDUCATION

Chottodabcha, Satbankura, Chandrakona Road, Paschim Medinipur

Estd in : 2015

Course Offering : **B.Ed**

Recognised by **National Council for Teacher Education (NCTE)**, Govt. of India, and Govt. of W. B.

Affiliated to **Baba Saheb Ambedkar Education University (BSAEU)**, West Bengal



INSTITUTE OF SCIENCE & TECHNOLOGY PRIVATE ITI

Chandrakona Town, PaschimMedinipur

Estd in : 2016

Course Offering : **ITI (Fitter & Electrician)**

Recognised by **Directorate General of Employment & Training (DGET)** &

National Council for Vocational Education and Training (NCVT)

Affiliated to **West Bengal State Council of Technical & Vocational Education**

& Skill Development (WBSCT & VE & SD)

P.G. INSTITUTE OF MEDICAL SCIENCES

Chandrakona Town, Paschim Medinipur

Estd in : 2017

Course Offering : **D.Pharm & B.Pharm**

Approved by **All India Council for Technical Education (AICTE)** & **Pharmacy Council of India (PCI)**

Affiliated to **Maulana Abul Kalam Azad University of Technology, West Bengal (MAKAUT), W.B. &**

West Bengal State Council of Technical & Vocational Education & Skill Development (WBSCT & VE & SD)

Recognised by **University Grants Commission (UGC)**, New Delhi for 2(f) & 12b under section 1956 of UGC Act.

Estd in : 2020

Course Offering : **Paramedical & Allied Health Sciences**

Recognised by **Directorate of Medical Education (DME), Swasthya Bhaban**, Govt. of West Bengal

Affiliated to **The West Bengal University of Health Sciences (WBUHS)**



ANINDITA INSTITUTE OF NURSING

Chandrakona Town, Paschim Medinipur

Estd in : 2020

Course Offering : **GNM & B.SC NURSING**

Recognized by **Directorate of Health Services (DHS)** (Nursing Section), **Swasthya Bhawan**, Govt. of WB,

Approved by **Indian Nursing Council (INC)**, Affiliated to **West Bengal Nursing Council (WBNC)** &

The West Bengal University of Health Sciences (WBUHS)



INSTITUTE OF SCIENCE & TECHNOLOGY MANAGEMENT

Chandrakona Town, Paschim Medinipur

Estd in : 2023

Course Offering : **BBA, BBA-HM, BCA, MHA**

Approved by **All India Council of Technical Education (AICTE)**,

Affiliated to **Maulana Abul Kalam Azad University of Technology, West Bengal (MAKAUT, W.B.)**


GOVERNING BODY OF THE SOCIETY

Name	Designation	Associate with
Smt. Anindita Ghosh	Honourable Founder President	Social work
Smt. Sukrita Ghosh	Vice President	Social work
Dr. Pravas Ghosh	Honourable Founder Secretary	Social work
Dr. Pranali Ghosh	Asst. Secretary	Social work
Dr. Pradip Ghosh	Treasurer	Educationist
Smt. Ketaki Paul	Member	Social work
CS. Arijit Ghosh	Member	Social work



PRESS & PUBLISHING COMMITTEE

DESIGNATION	ROLE
President, Gopsai Avinandan Sangha Group of Institutions	Chairman
Secretary, Gopsai Avinandan Sangha Group of Institutions	Vice - Chairman
Principal(s) / TIC(s), All Colleges Run and Managed by Gopsai Avinandan Sangha Group of Institutions	Member(s)
PR & Digitisation Head, Gopsai Avinandan Sangha Group of Institutions	Editor
Design Head, Gopsai Avinandan Sangha Group of Institutions	Creative Editor
Librarian, Gopsai Avinandan Sangha Group of Institutions	Co - Editor





PRESIDENT'S MESSAGE

Elixir is intended to bring out the hidden literary and artistic talents in the students, teachers and all the members of Gopsai Avinandan Sangha Group of Institutions. This indeed is a great pleasure to see that everybody has participated into creating beautiful stories heart-warming poems, vivid drawings and informative articles, that make this magazine a beautiful bouquet of creativity. The amount of enthusiasm put in by the eminent members of the college to contribute to the magazine truly demands huge appreciation. I extend my best wishes to All. Elixir is intended to bring out the hidden literary and artistic talents in the students, teachers and all the members of Gopsai Avinandan Sangha Group of Institutions. This indeed is a great pleasure to see that everybody has participated into creating beautiful stories heart-warming poems, vivid drawings and informative articles, that make this magazine a beautiful bouquet of creativity. I extend my best wishes to All.

Smt. Anindita Ghosh

Honourable Founder President

president@gasonline.org.in



A portrait of Dr. Pravas Ghosh, a man with a mustache, wearing a dark blazer over a light-colored shirt. He is looking slightly to the right of the camera with a gentle smile. The background is dark and out of focus.

SECRETARY'S MESSAGE

We started our journey with the aim of spreading education amongst the remote areas of West Bengal. Its' about two decades by now, but our aim remains the same even today. What had changed meanwhile is the lifestyle of the people with education; it's uplifted significantly. We are blessed to witness the same. Also, we have extended our focus along with education to holistic development of the students like discovering, developing and drawing out the hidden talents and the magic lying dormant inside the students. What could be the best for portraying their hidden talents other than a magazine!!! Our year-old tradition of publishing a magazine Elixir has turned in to an electronic mode. I thank you the Magazine Committee for their zest and effort and all the participants for their enthusiasm and contribution to this good work. I wish all the best to all the students and hope their talent gets bloomed to the right direction.

Dr. Pravas Ghosh

Honourable Founder Secretary
secretary@gasonline.org.in





MESSAGE *From The* PRINT & PUBLISHING COMMITTEE

Welcome to the latest edition of **ELIXIR**, the E-Magazine of **Gopsai Avinandan Sangha Group of Institutions** that embodies the essence of transformation and renewal. Elixir is a space that is as refreshing and transformative as the name suggests. Just like an elixir, which is believed to have the power to heal and rejuvenate, our ELIXIR seeks to invigorate the minds of our student's community, offering a platform for creativity, knowledge, and growth.

This edition, like every one before it, carries the heartbeat of all our campuses. It's where ideas bloom, stories unfold, colours frolic, brushes spin and aspirations take flight. Through Elixir, we celebrate the strength of our students, the wisdom of our faculty and enthusiasm of our staff members.

As you journey through this edition, you may find the effort, zeal and passion of every participant beyond literary criticism. We hope like an elixir, may our ELIXIR continue to nourish our minds & souls, making the impossible seem possible, and the ordinary to extraordinary.

Let's cheers to the new beginnings and endless possibilities.

Welcome to **ELIXIR**.



From The Pen of EDITOR

Poetry - My Life !

Oh! Sweet and tender breath that fills the air,
In thee I find my soul's eternal rest;
Thy tender whispers, like a beloved's prayer,
Speak of a world where beauty is expressed.

Through every line and verse my heart takes flight,
In golden pages where the moonlight streams;
Thy song is sung in day, and danced in night,
A compassionate companion to my truest dreams.

Thou art the spark that sets my spirit free,
A river's current winding through my mind;
Thine each word is warmth that quells the deepest sea,
A solace for the weary heart to find.

Oh, how my soul, like petals in the breeze,
Doth open wide when thy bright voice does call!
In thee, I see both heaven's sweet release,
And earth's pure whisper, echoing through all.

For thee, poetry, thou art my life's own muse,
In thee, I live, I love, and I refute
The cold and barren world that seeks to choose
A path less bright, and more devout, but mute.

Thy fragrance fills the garden of my mind,
Each word a bloom that blossoms ever true;
In thee, I've found a world both elegant and kind,
A life in which my spirit remains in its purest hue.

Sanchita Roychowdhury

Head, PR & Digitisation Dept.

A stylized illustration of a quill pen and a signature. The quill is positioned vertically on the left, with its tip pointing downwards. To its right is a cursive signature that reads "Sanchita Roychowdhury".

Sanchita Roychowdhury






CONTENTS	PAGE NO
PAINTING & PHOTOGRAPHY	01 - 08
POETRY	09 - 21
ESSAY	22 - 26
STORY	27 - 43
TRAVEL STORY	44 - 45






PAINTING & PHOTOGRAPHY



Painting



Saheli Biswas, (B.Ed)
Bengal College of Teacher Education



Susmita Mandal, (B.Ed)
Excellent Model College For Teacher Education



Diptangshu Pal, (B.Tech, CE)
Institute of Science & Technology

Painting



Megha Koley, BBA (HM)
Institute of Science & Technology



Soubhik Ghosh (Digitisation)
Gopsai Avinandan Sangha



Susmita Das, (D.El.Ed.)
College For Teacher Education




Ria Ghosh, (B.Ed)
Excellent Model College For Teacher Education



Painting



Santwana Das, Asst. Professor (EE)
Institute of Science & Technology




Krishna Mondal, (B. PHARM)
P. G. Institute of Medical Sciences



Supriyo Pakhira, (B. PHARM)
P. G. Institute of Medical Sciences





Tota Ghosh, (B.Tech, EE)
Institute of Science & Technology



Anupam Mallik, (B.Tech, CE)
Institute of Science & Technology





SOURAV DAS (Design Head)

Gopsai Avinandan Sangha



Shreya Ghosh, (B.PHARM)

P. G. Institute of Medical Sciences



Painting



Sayan Dey, (B.PHARM)

P. G. Institute of Medical Sciences



Ritu Mudi, (B.Ed)

Excellent Model College For Teacher Education



Shubhadip Ghosh, (B.PHARM)

P. G. Institute of Medical Sciences



Sourav Das (Design Head)

Gopsai Avinandan Sangha



Shreya Sahu (B.PHARM)

P. G. Institute of Medical Sciences




Sanchita Roychowdhury (PR & Digitisation Head)

Gopsai Avinandan Sangha



POETRY



হাবুলের জীবন

ওদের ফ্রিজ ভর্তি চকলেট আর আইসক্রিমের কৌটো
হাবুলের দুবেলা পেট ভরে না তো!
ওরা না কি খাবার টেবিলে না খাওয়ার বায়না করে;
আর পাস্তাভাত দেখলে পরে হাবুলের হাসি ঝরে পড়ে।
ওরা আবার শীতকালেতে কাশ্মীর যায়-
খালি গায়েতে কাঁপতে কাঁপতে হাবুল ড্যাব ড্যাব চায়!
ওদের নাকি নিউইয়ারে নাচানাচি হয়,
সূর্য উঠলে হাবুলের ক্ষুধার জ্বালার ভয়।
জন্মদিনে ওদের নাকি কেক কাটাও হয়,
কেন যে জন্মেছে সে! হাবুলের এই চিন্তাই হয়।
ওরা নাকি এই পৃথিবীর মো কল্ড ভদ্র লোক-
গাড়ির নীচে চাপা পড়া হাবুলের দেহটার তদন্ত না হোক!

Antara Maity, (B.Ed.)

Bengal College of Teacher Education



বেদনার রঙ

আচ্ছা বলতে পারেন, বেদনার রঙ কি?
ধূসর বুঝি ?? তবে মস্তিষ্কের প্রাণকেন্দ্র ধূসর কেন?
দুমড়ে মুচড়ে যাওয়া হৃদয়, লালিমায় লাল কেন?
যখন অনুভূত দ্রুত স্পন্দন, তরঙ্গায়িত রক্তস্রোত
তখনও, তখনও তাই,
ফেটে বেরিয়ে আসতে চাই
তবু তবু বাঁধা ধমনী, পারে না বেরোতে।
যেদিন হলো বিস্ফোরিত,
টলমল শরীর মাটি ছুল,
তখন কেমন ছিল, জানলো না কেউ,
শুধু ডাক্তার বললো ক্লড হয়ে গেছে।
তখনকার অনুভূতি কেমন, কেউ জানে না
কারণ প্রমানের দায় তার থাকে না।
হয়তো পরম নিশ্চিন্তে ভাবে, “এলো সে মধুলগন”
তবু ঝরে আঁখিজল, মনে হয় হৃদয় নিঙড়ানো
অব্যক্ত বেদনাবিধুর সে ভাষা যেন
লবনাক্ত হৃদয়ের নিঃসরণ, বিধুর স্নান।
একটা আত্মতৃপ্তি কি থাকে তাতে
আমার জন্য এত মানুষ....
নাকি ভাবনার ঘোলাটে ভাব
তাকে আরও গাঢ় করে
নামে একটা কালো অন্ধকার,
যা ক্রমশ নিকম হতে হতে হয় সূচীভেদ্য,
সে কালিমা সরে গিয়ে
আসে কি কোন আলোর দিশা
এলে কেমন হবে সে রঙ?
কে জানে????

Priyanka Garai, (B.Ed)

Bengal College of Teacher Education

স্বাধীনতা

স্বাধীন তো হয়েছি মোরা ইংরেজ হতে
হয়েছি কী স্বাধীন মনের মধ্যেতে?
দেখো ওই বৃদ্ধা মায়ের দিকে চেয়ে
নিজের বাড়িতে আছে কেমন পরাধীন হয়ে।
ওই দেখো চেয়ে ওই বাড়ির গৃহবধূর দিকে
আজও কেমন মার খেয়ে বসে আছে আঁধারেতে।
বাপ মা মরা ছোট্ট ছেলেটা কাঁদে অনাহারে
এক টুকরো রুটিও কী জুটতে নেই তার আহারে!
তবুও মোরা গর্বের সাথে বলে যাই
পরাধীন নয়, স্বাধীন রয়েছি মোরা এই জায়গায়।

Shibani Dey, (D.EL.ED)

Gopsai Avinandan Sangha PTTI



প্রকৃতির কোলে আমাদের প্রেম

পাহাড়ের চূড়ায় বসে, মেঘের গায়ে ভাসি,
তোমার চোখের নীল আকাশে স্বপ্নগুলো আঁকি।
হিমেল হাওয়ায় তোমার চুল, বাতাসে গান গায়,
আমার হৃদয় হারিয়ে যায় প্রকৃতির এ মায়ায়।
বনের গহীনে গুঁড়িগুঁড়ি রোদ্দুর খেলে যায়,
পাতার ফাঁকে লুকিয়ে থাকা সেই আলো ছুঁয়ে যায়।
গভীর জঙ্গলে শুনি শুধু ঝিঁঝিঁ পোকাকার সুর,
তোমার কণ্ঠের মধুর গানে ভরে ওঠে ভোর।
বর্ষার জলে ভিজে ওঠে মাটির মোহক গন্ধ,
তোমার ছাঁয়ায় জেগে ওঠে ভালোবাসার বন্দর।
পাহাড়ের কোলে ঝরনার ধারা গল্প বলে বয়,
তোমার হাসি স্রোতের মাঝে সুর হয়ে রয়।
সমুদ্রের ঢেউ যেমন সাহসের গল্প বলে,
তেমনি তোমার স্পর্শে মন ছুটে চলে।
রাতের আকাশে বৃষ্টির পরে ইন্দ্রধনু হাসে,
তোমার চোখের তারা হয়ে প্রেমের আলো ভাসে।
বসন্তের ফুলে জেগে উঠে নতুন আশার গান,
নিশীথ রাতে ঝিঁঝির ডাকে তোমার নামের টান।
পাখির ডাকে ভোরের সুরে তোমায় খুঁজি বারবার,
প্রকৃতির মাঝে ভালোবাসা থাকুক অমর, অপার।

Gopal Santra, (B.Tech, CSE)

Institute of Science and Technology



EXAMINATION

I am in tension because of my Examination;
In English there is Composition,
In Mathematics there is Calculation
In Physics there is Derivation,
In Chemistry there is Equation,
In OBMS there is Relation,
In Python there is Encapsulation,
In Computer there is Application,
Yet I can't ignore my Examination
As I am the Backbone of my Nation.

Simran Kumari, (B.Tech, CSE)
Institute of Science and Technology



RUST ON THE SCALES

Justice, a blindfold worn thin,
Her scales, once gleaming, now dimmed with sin.
A tarnished weight a heart turned cold
Where whispers of truth are bought and sold.

The gears of power grind slow and black
Morality's thread, a fraying track
Vipers in suits, with forked tongues speak,
As innocence weeps on a hollow cheek.

The well of hope, slowly turns to muck
As poisoned promises, from goblets they chuck.
A parasite's grip, on a nation's plight,
The stench of decay, in the fading light.

But hark! A tremor, a distant drum,
The righteous rise, their voices come.
For through shadows may dance, a truth remains
The sun will rise, to wash away the stains.

Ananya Bisai, (B.Ed)
Excellent Model College For Teacher Education



মা

মেঘ করেছে ওই দূর আকাশে,
এখন আকাশ বুঝি শান্ত।
বৃষ্টি এবার নামলো বোধহয়,
মাগো আমি বড় ক্লান্ত।
মায়ের কোলে ক্লান্তি মেটায়,
ঘুমে চোখ যায় বুজে
মায়ের মতো আঁচল ঢেকে
আগলে কে আর রাখে!
মায়ের আশিষ পেয়ে
জীবন আমার ধন্য
আমার জীবন উষ্ম হলে
মাগো তোমারই জন্য।

Nibedita Ghosh, (B.Tech, CE)
Institute of Science and Technology



জন্ম দাতা পিতা

জন্ম নিলাম পরের তরে
নিজের তরে কি?
মাথার ঘাম পায়ে ফেলে,
ফোটাই মুখের হাসি।।

শত কষ্ট থাকার পরেও
দেখাই মুখের হাসি।
সাদা মাটা জীবন আমার
কষ্ট নিয়েই বাঁচি।।

বুকের ভেতর ধড়ফড়ানি
বাড়ছে দেনার দায়।
পরিবারের খুশির তরে
রাতের ঘুম হারায়।

মস্ত প্রাসাদ গড়ে দিয়ে
যাবো আমি চলে।
সংসারের গুরুভার
নেবে আমার ছেলে।

Satrughan Digar, (B.ED)
Institute For Teacher Education

শৈশবের দিন

কত দূরে গেলে একটি হৃদয় থেকে
আরেকটি হৃদয় ধসে পড়ে তপতী?
কত দূরে গেলে মুছে যায় মন থেকে
বাদল দিনের প্রথম অনুরাগ জলরঙের আঁকা
মানুষটির ছবি? আমাকে বলিস তো
মানুষ বড়বেলা পেলে, একেবারে কী ভুলে যায়
ছোটবেলা?
পুতুলের বিয়ে ভেঙে গেলে কী
একেবারে শেষ হয়ে যায় পুতুলের খেলা?
জানি না - কত দূর গেলে
হিসাব মেলে না দূরত্ব,
তুই এসে একদিন বলে যাস তো -

Shreya Malla, (B.Pharm)
P. G. Institute of Medical Sciences



জ্ঞান হত্যা



মাতৃগর্ভে বাড়তে থাকা আমি একটি জ্ঞান।
আমি চাই এই পৃথিবীর আলো দেখতে।
কিন্তু লোভী ডাক্তার আল্ট্রা - সনোগ্রাফি করে জানিয়ে দিয়েছে আমি এক মেয়ে।
মেয়ে শুনে মা হলেন খুব আনন্দিত।
কিন্তু বাবা হলেন খুব চিন্তিত।
বাবা ভাবলেন, যদি মেয়ে করে চাকুরী
সে টাকায় ভাগ বসাবে তার স্বশুর, স্বাশুড়ি
পণের হাটে বিকোতে লাগবে প্রচুর টাকা।
মানুষরূপী অমানুষরা দেখবে চোখে বাঁকা।
না না আমাকে বাঁচতে দাও,
আমিও চাই পৃথিবীর আলো দেখতে, আমিও চাই মায়ের মতো মা হতে,
মেয়ে হয়ে গর্ভে আসাটা কি আমার অপরাধ?
তাই যদি হয় একবার ভালো করে ভেবে দেখতো -
প্রথম যেদিন এলে পৃথিবীতে যার হাত ধরে সেও কিন্তু একটি মেয়ে।
প্রথম যেদিন দুঃখ পেয়েছিলে, মায়ের কোলে এসে কেঁদেছিলে সেও কিন্তু একটি মেয়ে।
প্রথম যেদিন সবার মধ্যে থেকে তুমি আগে ভাইফোঁটা পেয়েছিলে, সেটাও কিন্তু ছিলো একটা মেয়ে।
তুমি বাড়ি থেকে বেরোলে যে তোমার বাড়ি ফেরার অপেক্ষায় থাকে সেও কিন্তু একটা মেয়ে।
তোমার মরণকালে মুখে জল দেবার সময় থাকবেনা তোমার ছেলের।
হয়তো থাকবে তোমার বৌমা, নাতনি বা তোমার মেয়ে।
জন্ম থেকে মৃত্যু সবই যদি হয় নারীর দান।
তবে কিসের এই সমাজ কন্যাজ্ঞান হত্যা আনন্দ পান!!

Achin Bhunia, (B.Pharm)
P. G. Institute of Medical Sciences



সত্য প্রবাহ

জীবনের অঙ্ক টা কি আর সব সময় হিসেব মতো মেলে,
আশা ভরসা যতই কর জীবন ঠিক নিরাশ করবেই।
এই যে কিছু মানুষ এলাচের মত হয়ে সবার জীবনে বাড়ায় স্বাদ,
খাঁজ নিয়ে দেখো তারাই হয় পরে অপ্রয়োজনীয়, তারাই হয় বাদ।
তবু অনন্ত জীবন চলে, কিছুক্ষণ অন্ধকার ঘরে চুপিসারে মন কাঁদে,
তারপর নতুন বইয়ের যেমন মলাট লাগানো হয় সেরকম সাজিয়ে পথ হয় চলতে।
ক্লান্ত চোখে অনেক ব্যথা লুকিয়ে থাকে, প্রকাশ করার সাধ্য কি থাকে;
বয়স বাড়ছে দায়িত্ব বাড়ছে তেঁঁট সাজে মিথ্যা হাসিতে।
আমরা যে মধ্যবিত্ত পরিবারের সাধারণ ছেলে মেয়ে,
পরিস্থিতির চাপে নিজের স্বপ্ন দিতে হয় বিসর্জন হাসিমুখে।
মাথার উপর বেকারত্বের চাপ পরিবারের দায়িত্ব নিয়ে,
কত আত্মত্যাগ করতে হয় "থাক লাগবে না বলে",
আসলে মনের খবর কয়জনই বা রাখে! স্বার্থ ছাড়া কয়জনই বা পাশে থাকে!
মানিয়ে নিতে নিতে অর্ধেক বসন্ত যায় হারিয়ে,
তাই তো অফুরন্ত ভালোবাসা চিঠিতেই যায় থেকে।
স্বপ্ন পূরণে ব্যর্থ হওয়া পুরুষের গল্প কেউ চায় না পড়তে,
বিচ্ছেদ ব্যর্থতার গল্পটা যায় থেকে মনের গভীরে।
রূপের অহংকারে মত্ত থাকে সবাই এখানে,
সুন্দর মনের দাম দেয় না কেউই এই তল্লাটে।
বাস্তবতার সাথে লড়াই করতে করতে,
নিজের ভালো থাকাটা যায় শত আলোকবর্ষ দূরে।
ফুল যেমন যায় শুকিয়ে সুগন্ধ হয় তাতে বিলীন,
আপনজনেরাও হয়তো হবে অপ্রিয়, ভুলে যাবে একদিন।
দিনশেষে ক্লান্ত চোখে ঘুম আর আসে না,
অন্ধকার ঘরে শব্দে রা দেয় কেবল আমায় সান্ত্বনা।
খবর রাখে না কেউ, মনের লড়াই বাড়ে নিজের সাথে নিজের,
কি আর করা যাবে, একেই নাকি 'জীবন' বলে।

Santanu Pathak, (BHM)
Institute of Science and Technology



আমার রবীন্দ্রনাথ

তুমি রবীন্দ্রনাথ।

শুধুই কি একটা নাম ??

তোমার সাথে আমার পূর্ণ পরিচয় হয়নি কোনোদিনও,
পরিচয় শুধুই তোমার লেখা কে ঘিরে
তবে খুব জানতে ইচ্ছে করে, আলাপ করতে ইচ্ছে করে,
শুনেছি, তোমার কাছে নাকি মন খারাপের ওষুধ আছে,
ভালোবাসার মন্ত্র আছে।

তোমার কাছে শুনেছি জীবনের প্রতিচিত্র আছে...

সত্যি? সত্যি এইসব আছে?

তবে, সেসব চাইনা আমার কিছুই

আমি চাই তোমার সাথে সূর্যোদয় দেখতে,

তোমার সাথে আকাশের তারা গুনতে

তোমার সেসব লেখনী, তোমার সমস্ত অনুভব করতে।


তোমার সুর, তোমার গান তোমারই কর্তে শুনতে

তোমার গানে হারিয়ে অজান্তেই আখি অশ্রুসিক্ত করতে।

জানি, এটা সম্ভব হবে না কোনোদিনও।

কারণ, আমাদের আকাশ আলাদা, পৃথিবী আলাদা, জীবন আলাদা,

মূলত সময় আলাদা,



কিন্তু, এটাও সত্যি

কোথায় নেই তুমি !!

আমাদের চেতনায়, স্নেহে, অভিমানে, আবদারে,
বিরহে, বেদনার, ভালোলাগায়, ভালোবাসায়.....

তুমি থেকে যাবে সহস্র শতাব্দীতেও...

প্রজন্মের পর প্রজন্ম অবাক হয়ে যাবে

হয়তো আমারই মতো...

তবুও আশা রাখি,

আমাদের দেখা হবে কোনো এক কৃষ্ণবিবরে,

দিগন্তের সীমান্তে আটকে থাকবো,

হাজার কবিতার কোলাজে তোমাকে দেখবো, অনুভব করবো।

নতুন করে আবারও প্রেমে পড়বো।

কারণ... তুমি শুধুই আমার নও,

সমগ্র বাঙালির তুমি,

তুমি আমার রবীন্দ্রনাথ

তুমি আমাদের রবীন্দ্রনাথ ॥



Santwana Das, Asst. Professor (EE)

Institute of Science & Technology

ছেলেবেলা

ছেলেবেলার সোনালীদিন,
পাখির মতো উড়তো মন।
দুরন্তপনা, দুষ্টিমি আর,
হাসি-কান্নায় ভরা জীবন॥

মাঠের ধারে লুকোচুরি,
গোলাছুট আর ডাংগুলি।
বানভাসিতে নৌকা বানাই
ভাসাই জলে সবভুলি॥

বইয়ের ফাঁকে রূপকথা,
ঠাকুরমার ঝুলির গল্প।
ভূতের ভয়ে সিঁটিয়ে থাকা,
আজব সময় কল্প॥

ঘুড়ি ওড়ানো নীল আকাশে,
স্বপ্ন বোনা রঙ বেরঙ।
ছোট্টমনে অনেক আশা,
পাওয়া নাপাওয়ার সঙ্গ॥

কাঁদলে মায়ের আদর স্নেহ,
বাবার শাসন মিষ্টিহাসি।
ছেলেবেলার স্মৃতিগুলো,
আজও বড় ভালোবাসি॥

Sovan Roy, (Admission Cell)
Gopsai Avinandan Sangha



জাগরণের নাম "তিলোত্তমা"

ভাঙছে দেওয়াল পুড়ছে দেহ,
করছে লোপাট প্রমাণ কেহ।
বন্যপশুর চেয়েও বেশি
হিংস্রপশু মানুষমুখো।
হায়নাগুলো ছিঁড়ছে দেহ,
চিরছে দেহ
ভাঙছে ঘাড়ের অস্থিগুলো।
নিঃস্ব মা আজ সর্বহারা
দোষ কি ছিল কেউ জানেনা,
দিশেহারা চোখেরমনি,
ঝরছে চোখে রক্তধারা।
যন্ত্রনা আর কষ্টে কত, কাতরেছিল কেউ জানেনা।
বর্বরতা নৃশংসতার, চরমতম সংজ্ঞা এরা!
কার মদতে বুকের পাটা!
করিসনা ভয় কাউকে তোরা?

প্রতিবাদের আগুনখানা
জ্বালিয়ে রাখো দেশজনতা।
উপরওয়ালার মারের থেকে
কেউপারিবা রক্ষা তোরা।
উপরওয়ালার মারের থেকে
কেউপারিবা রক্ষা তোরা॥

Nargis Khatun, (Admission Cell)
Gopsai Avinandan Sangha

হীরক রাজার দরবারে

মেলায় ঘুরতে যাওয়ার পর্ব :-

মহারাজ :- ওহে কবি শুনেছো রাজ্যের পূর্ব প্রান্তে বসেছে নাকি মেলা।

কবি :- চলুন মহারাজ যায় চলে যে গেলো বেলা।

সেনাপতি :- শুধু গেলেই হবে নাকি ! নিতে হবে কতো সেনা সরঞ্জাম।

মন্ত্রী :- ঠিক ঠিক, সমস্ত রাস্তা দিতে হবে মহারাজের জয়গান।

ভাঁড় :- আহা : মেলায় খাবো কতো মন্ডামিঠাই

জ্যোতিষী :- মহারাজ বললেন নাতো আমরা বেরোবো কটায়।

মহারাজ :- তোমরাই ঠিক করো আমি আর কি বলি।

জ্যোতিষী :- গণনা করে দেখলাম আমরা ৩ টের দিকেই চলি।

ভাঁড় :- মহারাজ পূর্বপ্রান্তের মেলায় বিখ্যাত কিন্তু আচার।

সভাসদগণ (হাসতে হাসতে) :- খাওয়ার পূর্বে একটু করো বাদবিচার।

মন্ত্রী :- ভাঁড় ভুলে যেয়ো না তুমি যাচ্ছ রাজার সঙ্গে।

সেনাপতি :- তুমিযে কাঙ্গাল, সেটা ধরা যেনো না পরে তোমার অঙ্গে-ভঙ্গে।

মন্ত্রী :- মহারাজ মেলার জন্য নেবো কতটাকা ?

মহারাজ :- থাক থাক এই কাজ তুমি করলে আমার রাজকোষ হবে ফাঁকা।

সেনাপতি : মহারাজ নেবো ঘোড়সওয়ারি জোড়াদশেক আর খান পাঁচেক হাতিসওয়ার

মহারাজ :- প্রয়োজনে নাও আরো, আমার ইচ্ছে নেই বেঘোরে ডাকাতদের হাতে প্রাণটা খোওয়াবার।

মন্ত্রী :- সে কি মহারাজ আপনি কি আছেন ডাকাতদের ভয়ে?

সেনাপতি :- আমি থাকতে কোনো ভয় নেই, ডাকাতদের মাথা কেটে শুয়ে দেবো শরশয্যা।

জ্যোতিষী :- মহারাজ যাবেন না কি রানীমা?

মহারাজ :- জানলেই করবে যেতে মানা।

হটাৎ রানীর আগমন :-

রানী :- কি কি কোথায় যেন যাওয়ার হচ্ছে কথা?

মহারাজ : আরে না না তোমায় ছাড়া কোথায় যাবো কিযে বলো যাতা।

রানী :- সেই হলেই ভালো। দেড়টা বাজে, এবার খেতে চলো

মহারাজ :- রানী আজ একটু বেরোবো; আছে ভিনরাজ্যে কাজ।

রানী :- থাক আর বোলনা মিথ্যে, বুড়োবয়সে করছেন লাভ!!

ভাঁড় :- তাহলে আর কি!!!!!! এবার সবাই মধ্যাহ্নভোজ খেতেযেতে উঠুন।

কবি :- ঠিক বলেছেন খাওয়াদাওয়ার পর যে যার বাড়ির পথে হাঁটুন।



Subhamoy Kolya, (Admission Cell)

Gopsai Avinandan Sangha

শান্তির খাঁজে

সব আশা, আকাঙ্ক্ষা, মায়ার বাঁধন হারিয়ে
যখন ভেবেছি আমিই জিতেছি
তখন মহাশূন্য থেকে
ডাক দিলে তুমি
আয় তুই খোকা, তুই ভালো নেই।
কিন্তু কিভাবে যাবো বলো
তুমি তো শিথিয়েছিলে
যখন সবকিছু হারিয়ে যাবে
সবাই সরে যাবে তোর থেকে
সেদিন ও পালন করবি কর্তব্য।

তাই তোমার ডাকে সাড়া দিতে পারলাম না।
মন চায় যেতে,
তোমার কোলে মাথা রেখে,
ঘুমতে পরম নিশ্চিন্তে।
আধো রাতে যদি ঘুম ভেঙে যায়,
কোন এক স্বপ্নে-
মাথায় হাত রেখে বলবে তুমি-
ভয় কি খোকা, আমি তো আছি।

তোমার পরম যত্নে লাগানো
সেই ফুলের গাছটি আজ
হারিয়ে যাচ্ছে চরম অযত্নে, অবহেলায়,
তাকে তুমি আজ বাঁচিয়ে তুলতে চাইছো
একটুখানি জল দিয়ে, স্নেহ, মমতা দিয়ে
কিন্তু সে তো বাঁচবে না, সে ফুলের পাপড়ি শুকিয়ে গেছে,
পাতাগুলো হয়ে গেছে হলুদ,
গাছটা নেতিয়ে পড়বে মাটির বুকে, তোমার কোলে।
যেখানে থাকবেনা কোনো ঘৃণা, অবহেলা
থাকবে শুধু অনাবিল শান্তি।



Achintya Basu, (Chief Accounting Officer)
Gopsai Avinandan Sangha

শহরের চালচিত্র

আমার হাতের কিনারায়
মেঘের উঁচু মিনারের শেষে,
শহরের ক্লান্ত পর্দার আড়ালে
মেঘ বেড়ায় ভেসে।

ক্লান্ত এলোকেশী দাঁড়ায় এসে
আমার জানলার ধারে।
ঘুমিয়ে আছে আমার শহর
খুবই বিষন্ন এক প্রহর।

শহরে খুব মেঘের ভিড়
রোদেলা বেলা লুকিয়ে,
কায়া গুলো ঘুমোচ্ছে
ছায়া গুলো নেই।
আমার তো আর নিজের শহর
আগের মতোই নেই।

Sumit Maji, (Asst. Professor)
P.G. Institute of Medical Sciences



আজকের পাঁচালী

আকাশপানে চেয়ে থাকি-
ভাসি কল্পনায়
বিশ্ব জুড়ে রঙের খেলা,
ব্যাপসা আয়নায়।
ভাবছি বসে হাজার কথা
সকাল থেকে রাত্রি
জানিনা তো, আমরা সবাই
কোনসে পথের যাত্রী!
কাটছে জীবন, ভাসছে জীবন
নদীর স্রোতে ভেসে,
কেউ জানিনা কিযে পাবো
শেষ জীবনে এসে।
কেউ ভাবে অর্থ আসল
কেউবা খোঁজে নাম
সবাই ছোটো দিগ্বিদিকে,
ভুলে জীবনের দাম।
মানব জাতি বিপন্ন আজ
নেই মানবতার শিক্ষা।
কেউ দেখো তাই মানুষ ঠিকায়
কেউ বা করে ভিক্ষা,
আজব শহর, আজব দেশ
আজব কান্ডকারখানা,
কেউবা থাকে রাজপ্রাসাদে
নেই বা কারো ঠিকানা!
এসবকথা ভাবতে ভাবতে
পাইনা কূলকিনারা -
থাক তবে, চলতে থাকি
কর্তব্যের ইশারায়।



Biswajit Dey, (Admission Cell)
Gopsai Avinandan Sangha

TO SPRING

Oh Spring! you bring life to the half dead trees,
Give new leaves to the naked ones,
Make cuckoos to sing their merry notes,
In which your presence in nature shows.

You inspire the poets that poems be written,
On the beauty and splendour that can be seen,
But shortlived your magic spell,
And you have to take adieu with church bell.

Protyusha Sinha, (B.Ed)
Excellent Model College For Teacher Education



গোপন মেঘ

তুমি আর রোদ্দুরে খাঁজে যেওনা
আমার গোপন মেঘ।
গতকাল শেষ বৃষ্টিতে ভেসে গেছে।

শরতের আকাশে চাঁদের সাথে
ঢাকের শব্দে, কাশের দোলাতে বেশ আছো।
তবে আমার খাঁজ ?

আমি তো বেশ ভালোই আছি।
পারলে একমুঠো অন্ধকার
বাতাসে ছুঁড়ে দাও।

জানতে পারি কত দূরে ইস্টেশন ?
আমার গোপন মেঘ
গতকাল বৃষ্টিতে ভেসে গেছে।



Sujit Kumar Das , (Teacher in Charge)
Excellent Model College For Teacher Education

জাগো সমাজ আজই!

হয়তো আজ আমরা বিজয়ের পথে!
কিন্তু কেউ কি কিছু চলেছে হারাতে?
না, না, এ ভাবনা আমার অযথা!
মনের চোরাকুঠিতে জমেওঠা এক গভীর নীরবতা।
পূর্ণিমার চাঁদ স্নিগ্ধ জোছনায় ঢাকে বসুন্ধরা,
কিন্তু সে কি নিয়েছে খবর অমাবস্যার-
মাঝ আকাশে দিশাহারা হাজার হাজার তারা।
যে মানুষ চেয়েছে মনুষ্যত্বের দাস হতে
সে কি পেরেছে?...
না আজ ও সে পারেনি
সফলতার হাতছানি নিয়ে গেছে তাকে সর্বনাশের দিকে।
মানুষ বলে, সভ্য মানুষ নাকি গড়ে তুলেছে সভ্যতা,
সত্য কি তাই!
আদিম মানুষ ছিল না সত্য, ছিল না কি তাদের সভ্যতা ?
বাস্তবতার বাস্তবে আজ যদি আমরা উন্নত প্রাণী হই,
প্রমাণ দাও মানবিকতার, সে প্রমাণ আজ কই?
বসতি আবার উঠবে গড়ে, নেবে নতুন রূপ।
এই ভাবনায় কাটছে দিন আসবে নতুন যুগ।।
মানছি সমাজ যাচ্ছে আগে ডিজিটাল আর বিজ্ঞানে,
কিন্তু তোমরা আছো কোথায় স্মার্ট ফোন আর বিজ্ঞাপনে।
শিক্ষা আজও সর্ব হারা যেথায় হুকুম চালায় দুষ্কৃতীরা।
মূর্থ আজও তর্ক করে, গুণীজন তাই সর্ব হারা।
সমাজ টা তাই করতে সচল, রাখতে হবে আজ মনবল,
পারবো আমরাই, পারতেই হবে, করতে মন্বন সমুদ্র জল।


Anirban Pal, (B.Tech, CE)

Institute of Science & Technology





ESSAY



চন্দ্রকোনার ইতিহাস, ইতিহাসের চন্দ্রকোনা

Santanu Ghosh (Digitisation.)
Gopsai Avinandan Sangha



“বাহান্ন বাজার তিপান্ন গলি তবে জানলি চন্দ্রকোনাতে এলি ”

এই প্রচলিত প্রবাদ থেকে ঐতিহ্যময় পৌরাণিক ও ঐতিহাসিক চন্দ্রকোনার বিস্তৃতির খানিক পরিচয় পাওয়া যায়। অধুনা পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমার অন্তর্গত চন্দ্রকোনা খ্রিস্টীয় এগারো শতকের মাঝামাঝি সময় আত্মপ্রকাশ করে। খয়ের মল্ল রাজশাসনে প্রতিষ্ঠিত হয়েছিল ঐতিহাসিক মল্লরাজ্য, যা সেইসময় বঙ্গশিল্পের জন্য বিখ্যাত ছিল। চন্দ্রকোনা সেইসময় 'ভানদেশ' নামে পরিচিত ছিল যার রাজধানীর নাম ছিল 'মনা' বা 'মানা' আস্তে আস্তে শহরটি ব্যবসা ও বানিজ্যের কেন্দ্রস্থল হয়ে ওঠে। ব্যাবসায় সমৃদ্ধির সাথে সাথে স্বভাবতই গড়ে ওঠে বাজার ও জনবসতি। মুঘল শাসনের সময় স্বশাসিত হয়ে ওঠে শহরটি; মোলো শতকের মাঝামাঝি সময় থেকে ১৫০ বছর শাসন করেন বিরভান সিং, রঘুনাথ সিং ও চৌহানের মতো শাসকরা। আঠারো শতকে বর্ধমানের রাজা কীর্তিচন্দ্র রঘুনাথ সিংকে ক্ষমতাচ্যুত করেন। পঞ্চদশ শতাব্দীর প্রথমদিকে কেতুবংশের তৃতীয় রাজা 'চন্দ্রকেতু' রাজত্ব করেছিলেন। সেই সময় চন্দ্রকোনার চারিদিকে চারটি গড় নির্মাণ করেন। তাঁর দুই সেনাপতি লাল সিংয়ের নামানুসারে 'লালগড়' ও রাম সিংয়ের নামানুসারে 'রামগড়'। এছাড়াও আরো দুটি গড় হলো রাঘুনাথগড় ও কিরাতগড়। এছাড়াও ধর্ম ঠাকুরের মন্দির ও অত্যন্ত আকর্ষণীয় একটি মন্দির। রামোপাসক সাম্প্রদায়ের পুজিত রাম লক্ষ্মণ সীতা'র তিনটি অস্থল বা মন্দির ও চন্দ্রকোনার দর্শনীয় স্থানের মধ্যে উল্লেখযোগ্য।

চন্দ্রকোনার নামকরণ নিয়ে নানামত প্রচলিত আছে। ১৩০৮ সালে কেতুবংশের রাজা চন্দ্রকেতুর নামানুসারে ভানদেশের নাম পরিবর্তন করে রাখে 'চাঁদের কণা' বা 'চন্দ্রকোনা'। পণ্ডিত যোগেশচন্দ্র বসুর 'মেদিনীপুরের ইতিহাসে' 'চন্দ্রকোনার আগেরনাম মনা বা মানা বলে উল্লেখ আছে। ১৬৬০ খৃষ্টাব্দে ভ্যান ডি ব্রুক যে মানচিত্র আঁকেন যা প্রথম ছাপা নকশা তাতে 'চাঁদের কণা' মুদ্রিত আছে। বলা যেতে পারে চাঁদের কণা থেকে চন্দ্রকোনা নামটি এসেছে।

পৌরাণিক শহর হিসাবে খ্যাত চন্দ্রকোনাতে একটি গুরুদ্বার রয়েছে। যা রাজা চন্দ্রকেতুর আমলে নির্মিত। প্রাপ্ত নথি অনুসারে ১৫১০ সালে পুরী সফরকালে শ্রী গুরুনানকজি ও মার্দানাজি এই শহরে এসেছিলেন। বিশ্রাম নিয়েছিলেন এক বটবৃক্ষ তলায় ও একটি মঞ্জি প্রতিষ্ঠা করেন যেখানে বর্তমানে নানক আশ্রম অবস্থিত। কথিত আছে রাজা চন্দ্রকেতুর অতিথি আপ্যায়নে খুশি হয়ে গুরুনানকজি আশীর্বাদ করেন তারপর নিঃসন্তান রাজা দম্পতি সন্তান লাভ করেন। ১৯৮৬ সালে ঐ স্থানে শিখরা নানক আশ্রম ভবনটি নির্মাণ করে। যা এখন সারা বিশ্বের শিখদের কাছে একটি পবিত্র ধর্মীয় স্থান হিসাবে পরিচিত।

মন্দিরনগরী চন্দ্রকোনার ঐতিহাসিক মন্দিরের নিদর্শন হলো মল্লেশ্বরপুরের মল্লেশ্বরী মন্দির। যা মল্ল রাজাদের সময় স্থাপিত হয়েছিল। ১৮৩১ সালে বর্ধমানের মহারাজা তেজচন্দ্র এটিকে সংস্কার করেছিলেন। দক্ষিণ বাজারের 'জোড় বাংলা মন্দির' আর একটি ঐতিহাসিক নিদর্শন যা আজ প্রকৃতির করাল গ্রাসে ধ্বংসপ্রায়। টেরাকোটা শৈলীতে নির্মিত মিত্রসেনপুরের শান্তিনাথ শিব মন্দির আজও বিদ্যমান। এছাড়াও অনন্তদেব মন্দির, শ্যামচাঁদ মন্দির, রাসিক রায় মন্দির, পার্বতীনাথ মন্দির, আরও অজস্র মন্দির চন্দ্রকোনার ঐতিহ্য বহন করে চলেছে। 'রাঘুনাথবাড়ী' ১৮৩১ সালে তেজচন্দ্র মহারাজ দ্বারা সংস্কার করা মন্দির। দুর্ভাগ্যবশতঃ এটি এখন ধ্বংসস্তুপে পরিণত হয়েছে। এখানকার মন্দিরগুলির আশ্চর্যজনক টেরাকোটা শিল্প প্রতিবছর অসংখ্য দর্শনাথীকে আকর্ষণ করে।

শিক্ষাক্ষেত্রে চন্দ্রকোনা এক অন্য ঐতিহ্য বহন করে চলেছে। ১৮৫২সালে সারা বাংলায় যে ৭৫ টি বিদ্যালয় স্থাপিত হয়েছিল তারমধ্যে চন্দ্রকোনা জিরাট উচ্চ বিদ্যালয় অন্যতম। ১৮৫৬ সালে পুরোপুরিভাবে বিদ্যালয়ের পঠন-পাঠান শুরু হয়।

১৯৮৫সালে চন্দ্রকোনাবাসীর ঐকান্তিক প্রচেষ্টায় গড়ে ওঠে চন্দ্রকোনা বিদ্যাসাগর মহাবিদ্যালয়। এরপর চন্দ্রকোনার বিশিষ্ট শিক্ষাবিদ শ্রী প্রভাস ঘোষ মহাশয় অনুধাবন করেন যে গতানুগতিক শিক্ষার চেয়ে কর্মমুখী শিক্ষার প্রয়োজন বেশি। তাই তিনি ২০০৫ সালে প্রাইমারি টিচার্স ট্রেনিং কলেজ স্থাপন করেন। এরপর ইঞ্জিনিয়ারিং কলেজ ,বি এড কলেজ , ফার্মেসী ও প্যারামেডিকেল এবং নার্সিং কলেজ স্থাপন করেন। যা চন্দ্রকোনার শিক্ষার মুকুটে এক অনন্য পালক যোগ করেছে। চন্দ্রকোনার সামাজিক ও অর্থনৈতিক উন্নতি'তে এক অনন্য মাত্রা যোগ করেছে।

স্বাধীনতার আন্দোলনের ইতিহাসে চন্দ্রকোনার অবদান অনস্বীকার্য। চন্দ্রকোনার বাসিন্দা শ্রী নব কুমার পাঁজা স্বাধীনতা আন্দোলনের একজন বিশিষ্ট ব্যক্তিত্ব ছিলেন। গোপন সমাবেশে অংশগ্রহণ করার জন্য তাঁকে কারারুদ্ধ করা হয়েছিল।


সময়ের সাথে সাথে, ইতিহাস এখন অনেকটাই ধূলি-ধূসরিত। তবু চন্দ্রকোনার আনাচে কানাচে ইতিহাস আজো কথা বলে। আমাদের প্রতিটি চন্দ্রকোনা বাসীর উচিত শুধুমাত্র পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার দ্রুত বিকাশমান পৌরসভাগুলির মধ্যে একটিই নয়, আমাদের ঐতিহ্যময় চন্দ্রকোনা'কে জগতের সামনে সঠিক মহিমায় তুলে ধরা, এর ঐতিহ্য'কে যথার্থভাবে বহন করা।



রবীন্দ্রমননে আত্মানুভূতির আলোকবর্তিকা -

একটি ক্ষুদ্র দার্শনিক অনুসন্ধান।

Satyajit Payra, (Assistant Professor)
Excellent Model College For Teacher Education.



জীবনভাবনা যদি দার্শনিকতা হয়, তবে তার জন্ম কীভাবে? মানুষের জীবনে যা কিছু ঘটে, যা কিছুর অস্তিত্ব আছে, তারই প্রসূত হলো জীবনভাবনা। এ জীবন জিজ্ঞাসা আমাদের মনকে বারবার অনুরণিত করে। দার্শনিক শংকরাচার্যের মতে এ মানুষের নয় পশুর প্রবৃত্তি। যা ত্যাগ করতে পারলে ব্রহ্মের উপলব্ধি হবে। কিন্তু রবীন্দ্রনাথের দার্শনিকতা জীবনকে অস্বীকার করে নয়। প্রবৃত্তি পশুদের ও মানবসমাজে উভয়েই প্রযোজ্য। কিন্তু মানুষ প্রেমে, ত্যাগে মহৎ হয়ে উঠতে পারে। রবীন্দ্রনাথের এই জীবনভাবনাই দার্শনিকতাকে নবরূপ দান করেছে।

তাই দার্শনিক -রবীন্দ্রনাথ কিন্তু জীবন থেকে সরে গিয়ে কোনো মহৎ দার্শনিক তত্ত্বের সৃষ্টি করেননি। জীবনের মাঝে দাঁড়িয়ে সবকিছুকে স্বীকার করে, জীবনকে কেন্দ্র করে যে জীবনভাবনা গড়ে তুলেছেন, তাকে দার্শনিকতা বলা গেলেও যেতে পারে এবং তাহ্যতো একধরনের জীবনদর্শন - এই হলো ড. রাধাকৃষ্ণনের মতামত। প্রথাগত দার্শনিকতার উর্দ্ধে গিয়ে রবীন্দ্রনাথ এক নবদার্শনিকতার সৃষ্টি করেছেন তা বলাই বাহুল্য।

বস্তুত, রবীন্দ্রনাথের জীবনভাবনার অন্তর্নিহিত তাৎপর্য হল বিশ্ববিধানের বা জীবনের সত্যানুসন্ধান। রবীন্দ্রনাথের এই সত্যানুসন্ধান বস্তুত প্রাচীন ঋষিদের ন্যায়, যাঁরা শেষপর্যন্ত অন্তর বা মনকেই উপলব্ধির জগৎ বলে স্বীকার করেছেন।

রবীন্দ্রমননে এই আকাঙ্ক্ষার প্রথম সূত্রপাত হয় বোধহয়, তাঁর উপনয়নের সময়। ১৮৭৩ সালে রবীন্দ্রনাথের উপনয়ন হয়। তখন তাঁর বয়স মাত্র এগারো বৎসর নয় মাস। ব্রাহ্মণমাত্রের নতুন ব্রহ্মচারীকে উপনয়নের পর গায়ত্রীমন্ত্র জপ করতে হয়। এই গায়ত্রী মন্ত্র যখন প্রথম উচ্চারণ করেন তিনি, তখন বিশ্বপ্রকৃতিকে অনুভব করার তাগিদ তাঁর প্রথম অনুভূত হয়। তিনি বলেছেন----- "নুতন ব্রাহ্মণ হওয়ার পরে গায়ত্রী মন্ত্রটা জপ করার দিকে যুবাব-একটা বেঁক পড়িল।" মন্ত্রজপের সময় তিনি গ্রহমণ্ডল সমেত আকাশের বিরাট রূপকে মনে আনতে চেষ্টা করতেন। বিশ্বানুভূতির চেষ্টা এই প্রথম। তাঁর বয়সের বালকের পক্ষে যতটুকু উপলব্ধি করা সম্ভব ততটুকুই তিনি করেছেন। গায়ত্রী মন্ত্রের তাৎপর্য উনি সে বয়সে যে সম্পূর্ণরূপে বুঝতেন, এমনটাও নয়। অর্থাৎ মানুষের অন্তরের মধ্যে এমন একটা কিছু আছে যা সম্পূর্ণ না বুঝলেও চলে। রবীন্দ্রনাথ বলেছেন,----- "আমাদের পড়িবার ঘরে শানবাঁধানো মেজের এক কোণে বসিয়া গায়ত্রী জপ করিতে করিতে সহসা আমার দুই চোখ ভরিয়া কেবলই জল পড়িতে লাগিল। জল কেন পড়িতেছে তাহা আমি নিজে কিছুমাত্রই বুঝিতে পারিলাম না"।

আসলে আমাদের অন্তরে আকস্মাৎ এমন এক কাজ চলে বুদ্ধি সর্বদা তার ব্যাখ্যা দিতে পারে না। গায়ত্রী মন্ত্রের বিশেষ প্রভাব পড়ে রবীন্দ্রনাথের মধ্যে। তিনি সবিনয়ে বলেছেন--

"...the text of our everyday meditation in the Gayatri, a verse which is considered to be the epitome of all the Vedas. By its help we try to realise the essential unity of the world with the conscious soul of man; we learn to perceive the unity held together by the one Eternal Spirit, whose power creates the earth; the sky, and the stars and at the same time irradiates our minds with the light of a consciousness that moves and exists in unbroken continuity with the outer world." এ চেতনাবিশ্বচেতনা।

রবীন্দ্র মননে এই উপলব্ধি তীব্রতর হয় রবীন্দ্রনাথের ঠিক উপনয়নের পরেই শান্তিনিকেতন ভ্রমণে। শান্তিনিকেতনে বিশ্বপ্রকৃতির মধ্যে তিনি প্রথম স্বাধীনতার স্বাদ পেলেন। প্রকৃতিকে অনুভব করলেন। প্রকৃতির মধ্যে নিজেকে অনুভব করলেন। যে উদ্ভূতের সৃজনীশক্তি মানুষের মধ্যে শুরু থেকেই থাকে, তবুও মানুষ অকস্মাৎ এর উৎক্ষেপন অনুভব করতে পারে এবং রবীন্দ্রজীবনেও বিষয়টি ভিন্ন নয়। এই আলোচ্য বিষয়টিও রবীন্দ্রনাথের নিজ অভিজ্ঞতার উপর ভিত্তি করে। তাঁর এই অভিজ্ঞতা তাঁর কবিতা নির্মাণের স্বপ্নভঙ্গ, কবিতায় প্রকাশিত।

কবির অন্তর্দৃষ্টি দিয়ে রবীন্দ্রনাথ বহির্জগতের এক দিব্যরূপ দেখলেন। তখন তাঁর চোখের উপর থেকে অন্ধকারের পর্দাটাই শুধু সরে গেল না, 'সন্ধ্যাসংগীত' রচনাকালে কবি হৃদয়-অরণ্যের যে পথ হারিয়েছিলেন সেই হারানো পথের সন্ধান পেলেন। এককাল কবি যে বিষাদাচ্ছন্ন হৃদয়ে দুঃখের গান গাইছিলেন এবারে তার অবসান হলো। সন্ধ্যার পর গভীর রাত পেরিয়ে যেন প্রভাতের আবির্ভাব। সেদিনের সেই প্রভাতবেলা কবির জীবনে যে নতুন বার্তা নিয়ে এসেছিল তা সারাজীবন কবিতাে তাড়িত করেছে। প্রতিদিন নিয়ম মতো সূর্যোদয় ঘটেছে, কিন্তু ঐদিনের সূর্যোদয়ে আলোকরাশি এতদিন যেখানে প্রবেশ করেনি অথবা করতে পারেনি, আজ সেই প্রাণের গভীরে প্রবেশ করেছে-

"আজি এ প্রভাতে রবির কর
কেমনে পশিল প্রাণের পর,
কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান।
না জানি কেনরে এতদিন পরে জাগিয়া উঠিল প্রাণ।"

তিনি তাঁর আত্মজীবনী, জীবনস্মৃতি এবং অন্যান্য বিভিন্ন রচনাতে এই কবিতার প্রসঙ্গে ঐতিহাসিক বিবরণ দিয়েছেন। রবীন্দ্রনাথ কলকাতার পাশাপাশি বিভিন্ন স্থানে যখন বসবাস করেন, তখন ভোরবেলায় তিনি এক অভূতপূর্ব অনুভূতি লাভ করতেন। বুলবারান্দা বেঁকে সূর্যকে গাছগুলির পিছন থেকে উঠতে দেখেন। এই দৃশ্য দেখে তিনি অনুভব করেন তাঁর চোখের সামনে থেকে যেন একটি পর্দা সরিয়ে নেওয়া হল এবং তখন তিনি সকল বস্তুকে তরঙ্গের মধ্যে নৃত্যশীল কল্পনা করেছেন। অনুভূত হয় রবীন্দ্রমননে সৌন্দর্য। এই দৃষ্টি কেবলমাত্র ইন্দ্রিয়দৃষ্টি নয় তা কল্পনাদৃষ্টি এবং তা সম্পূর্ণরূপে চেতনার দ্বারা অনুভূত। এরূপচেতনা দ্বারাই বিশ্বপ্রকৃতিকে অনুভব করা যায়। নির্মাণের স্বপ্নভঙ্গ' রবীন্দ্রনাথের আত্মজাগৃতি ও চৈতন্য বিস্তারের আরম্ভকাল। তাঁর এই আত্মানুসন্ধান, আত্মানুভূতির, আত্মচেতনার আকুলতা আজীবন অটুট ছিল। তাই জীবনের শেষপ্রান্তে পৌঁছেও তার আত্মমনন ধ্বনিত হয় "আমি" তে:

"আমারই চেতনার রঙে পান্না হল সবুজ,
চুনি উঠল রাঙা হয়ে।
আমি চোখ মেললুম আকাশে,
জ্বলে উঠল আলো
পূবে পশ্চিমে।
গোলাপের দিকে চেয়ে বললুম 'সুন্দর',
সুন্দর হল সে।
তুমি বলবে, এ যে তত্ত্বকথা,
এ কবির বাণী নয়।
আমি বলব, এ সত্য,
তাই এ কাব্য।
এ আমার অহংকার,
অহংকার সমস্ত মানুষের হয়ে।
মানুষের অহংকার - পটেই
বিশ্বকর্মার বিশ্বশিল্প।"

**রবীন্দ্রনাথ ঠাকুর এক অনুভবের নাম। তাঁর জীবন দর্শন, আত্মচেতনা এক মহাসমুদ্র। আমার এই লেখা, এই স্বল্প পরিসরে তারই একটি ক্ষুদ্র অংশ তুলে ধরার প্রয়াস মাত্র।


তথ্যসূত্রঃ

১. ঠাকুর, রবীন্দ্রনাথ, জীবনস্মৃতি, বিশ্বভারতী, ১৪২১.
২. ঠাকুর, রবীন্দ্রনাথ, মানুষের ধর্ম, বিশ্বভারতী গ্রন্থন বিভাগ, কলকাতা, ১৪১৮.
৩. মল্লিক, শঙ্কর, কবির আত্ম আবিষ্কারের আনন্দ একটি রচনা।
৪. রবীন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্র রচনাবলী।
৫. সঞ্চয়িতা।
৬. প্রভাত কুমার মুখোপাধ্যায়, রবীন্দ্র-জীবনী।
৭. আন্তর্জাল।





STORY



নিশি রাতে নিশির ডাক

Sumana Pan (B.Ed.)

Bengal College Of Teacher Education

একদিন ঘন অন্ধকারময় বৃষ্টির রাতে পাড়ার এক দাদু বলতে শুরু করলেন যে, বহু বছর আগে ঝন্টা নামে একটা ছেলে ছিল। ঝন্টা যখন একেবারে কোলের ছেলে তখন তার মায়ের শক্ত অসুখ করে। সেই জন্যে সে আত্মদী পিসির কোলে মানুষ হয়। আত্মদী পিসি ঝন্টার বাবার দূর সম্পর্কের এক বোন, মাথায় একটু সমস্যা আছে বলে শ্বশুরঘর করতে পারেনি কিন্তু সে বাড়ির ছেলেমেয়েদের খুব ভালোবেসে আগলে রাখে। মায়ের অসুখ থেকে সেই যে ঝন্টাকে সে কোলে তুলে নিল, তার পরেই ছেলেটা ওর এমন ন্যাওটা হয়ে গেল যে, মায়ের অসুখ ভাল হলেও আত্মদী পিসি আর ওকে কোল থেকে নামাতে চায়নি। ঝন্টাও আত্মদী পিসি বলতে একেবারে অজ্ঞান; পিসিকে না হলে ঝন্টার এক মুহূর্ত চলে না। ঝন্টার মা ও সাত ঝামেলায় দিবা-রাত্রি জড়িয়ে থাকেন, তাই আত্মদী পিসির কোলে ছেলে দিয়ে তাঁর সকল রকমে নিশ্চিন্তি। আত্মদী পিসি মাছ খেতে বড় ভালবাসে। বিশেষ করে শোল মাছ। ঝন্টা যখন একটু বড় হল সে পিসির জন্যে নানা রকম মাছ ধরে নিয়ে আসে। পিসি এক গাল হেসে বলে, ভাগ্যিস আমার ঝন্টা ছিল, তাই দুটো মাছ-ভাত খেয়ে বাঁচি।

বর্ষায় যখন গ্রামের নদী-নালা ভরাট হয়ে আসে নিজেদের পুকুরের জল বাড়ে, ঝন্টা গভীর রাত্রে গিয়ে নানা জাতের মাছ ধরে নিয়ে আসে। বিশেষ করে আত্মদী পিসির জন্যে শোল মাছ যদি পায় তবে তার মুখে হাসি ধরে না। একদিন আত্মদী পিসি হঠাৎ তিন দিনের জ্বরে মারা গেল। দিব্যি শক্ত-সমর্থ আত্মদী পিসির দেহে রোগ বালাই নেই এমন ভাবে যে হঠাৎ মারা যাবে তা বাড়ির কেউ ধারণাই করতে পারেনি। দুরন্ত-দস্যি ছেলে ঝন্টা আত্মদী পিসির মৃত্যুর পর কে যেন তার মুখে বোবা কাঠি ঝুঁইয়ে দিয়েছে। কারও সঙ্গেই কথা বলেনা, খায় না, দায় না-উদাস চোখে একদিকে তাকিয়ে থাকে। ছেলে যেন দিন দিন শুকিয়ে যেতে থাকল। রাত্রির ঘুমের ঘোরে ঝন্টা হঠাৎ ধড়মড় করে উঠে বসে। মা শুধোন, "হাঁয়ে ঝন্টা বিছানার ওপর উঠে বসলি কেন? এখন তো অনেক রাত! ঘুমিয়ে পড়।" ঝন্টা ফ্যাল ফ্যাল করে এদিক ওদিক তাকায়, তারপর ফিসফিস করে মাকে সে বলে, "আত্মদী পিসি আমায় ডাকল।" শুনে মা শিউরে ওঠেন। ঝন্টার গায়ে মাথায় পিঠেহাত বুলিয়ে দেন। মুখে বলেন, "রাম, রাম" পাড়ার পাঁচজন বউ-ঝি বলে, "ঝন্টার মা, ওর দিকে বেশ কড়া নজর রেখো, পোড়ামুখী আত্মদী, মরেনি। তাই বুঝি এখনও আশেপাশে ঘুর ঘুর করছে।" ঝন্টার বাড়ির নীচে পুকুরপাড়ে একটা শ্যাওড়া গাছ আছে; গাঁয়ের লোকেরা হাট থেকে সওদা করে ফেরবার মুখে ওই শ্যাওড়া গাছের ডালে কাকে যেন বসে থাকতে দেখেছে। বৃন্দাবন গাঙ্গুলি একদিন নাকি একেবারে সামনা-সামনি পড়ে গিয়েছিলেন। বললেন, ভাগ্যিস আমি বুদ্ধি করে পৈতেটা হাতে জড়িয়ে গায়ত্রী মন্ত্র জপ করতে শুরু করলাম, নইলে ঝন্টার পুকুরের খালে আমায় ঘাড় মটকে রাখত। এইভাবে সারা গাঁয়ে একটা চাপা ফিসফাস আলোচনা। কেউ বিশ্বাস করে, কেউ হেসে উড়িয়ে দেয়। তখন আষাঢ় মাস। আশেপাশের নদী-নালা বর্ষার জলে ভরাট হয়ে গেছে। ঘোলা জলে পাক খেতে খেতে ধানের জমি ভরিয়ে মাঠ-ঘাট ডুবিয়ে উচু-নীচু গাঁয়ের পথগুলিকে পিছল করে ঝন্টার বাড়ির পুকুরে খালে ঢুকছে। তখন বোধ করি দুপুর রাত। এমন একটা আবছা জ্যোৎস্না ফুটেছে আশেপাশে দূরে সব কিছু নজরে পড়ে, কিন্তু ভাল করে কিছু বোঝা যায় না। মনে হয়, যেন একটা পাতলা কুয়াশা জ্যোৎস্নার সঙ্গে মিশে গোটা গ্রামটিকে ঘিরে রেখেছে। মায়ের পাশে শুয়ে ঝন্টা অকাতরে ঘুমোচ্ছে। বাড়ির পিছন দিক দিয়ে একটা কালো বেড়াল বিকটভাবে ডেকে গেল। কোথায় একটি ভূতুম পাখি একটানা ডেকে ডেকে বিরক্তি জাগিয়ে তুলেছে, একটা থমথমে ঝিমঝিম ভাব..... এমনি সময় ঝন্টার হঠাৎ মনে হল, ঘরের বাইরে দাঁড়িয়ে আত্মদী পিসি ওকে ডাকছে বলছে, "ওরে ঝন্টা, শিগগির আয়-তোদের পুকুরে নতুন জল এসেছে। কত মাছ উঠেছে-দেখবি আয়। তোর পোলাটা নিয়ে আসতে ভুলিসনি যেন।" আচমকা ঝন্টার ঘুম ভেঙে গেল। সে বিছানার ওপর উঠে বসল। আশেপাশে তাকিয়ে দেখল, সবাই অকাতরে ঘুমোচ্ছে। তার মায়ের ডান হাতটি ওর গায়ের ওপর ছিল।

আস্তু আস্তু সে হাতটি সরিয়ে রাখল। কে যেন কানের কাছে বলল, “দরজাটা ভেজিয়ে দে ঝণ্টা, নইলে ওরা জেগে যাবে।” ঝণ্টা বিনা প্রতিবাদে ঘরের দরজাটা ভেজিয়ে দিয়ে হনহন করে পুকুরের ধারে চলে গেল। নিশুতি রাত, কেউ কোথাও জেগে নেই। কলকল করে বর্ষার জল ঢুকছে খালে। ঝণ্টা ছপ্প করে পোলো ফেলছে আর রাশি রাশি মাছ ধরছে। এত শোল মাছ কোথা থেকে এলো, ঝণ্টা ভেবে কূল-কিনারা পায় না। যে খাল এনেছিল, সেটা মাছে ভর্তি হয়ে গেল। কীসের যেন একটা পোড়া গন্ধ ক্রমাগত তার নাকে আসছিল। কার আকর্ষণে ঝণ্টা সেই মাছ ভর্তি খালে নিয়ে এগিয়ে চলল- একী! এ যে সেই শেওড়া গাছ! “আমায় শোল মাছ পোড়া খাওয়াবি ঝণ্টা।” ঝণ্টা অবাক হয়ে তাকিয়ে দেখল, গাছের ডালে পা ঝুলিয়ে কে যেন বসে আছে। আত্মদী পিসি না? দেখতে ঠিক সেই রকম। এতক্ষণে ঝণ্টার যেন জ্ঞান ফিরে এল। আত্মদী পিসি তো মরে গেছে। ও তাহলে কার ডাকে এই নিশুতি রাতে মাছ ধরতে ঘর থেকে বেরিয়ে এসেছে? ভয়ে ওর মাথার চুলগুলো খাড়া হয়ে উঠল। সে প্রাণপণ চেষ্টা করল পালিয়ে যেতে কিন্তু পা দুটো কিছুতেই উঠছে না। শেষকালে মনে জোর এনে ঝণ্টা মরিয়া হয়ে ছুটেতে শুরু করে দিল, পেছন থেকে আত্মদী পিসির কান্না শোনা গেল, “ওঁরে ঝণ্টা, শোল মাছ গুলো আমায় দিয়ে যাঁ, আমি আর কিছু চাইনে।” আত্মদী পিসির কথা যত কানে আসে ঝণ্টা তত ছোটো। হঠাৎ তার হাতের মাছের থলে কে যেন ছিনিয়ে নিয়ে গেল। একটা আত্নানাদ করে ঝণ্টা সেইখানে অজ্ঞান হয়ে পড়ে গেল। তার চিংকার শুনে বাড়ি থেকে লোকজন যখন এসে পৌঁছল, ওর মুখ দিয়ে তখন গাঁজলা বেরোচ্ছে। অবশেষে মায়ের বুক ভরা কান্নায় তিন দিন পর ঝণ্টা তাকাল। কিন্তু কী হয়েছিল কোনও কথাই সে মনে করতে পারে না, শুধু বোকার মতো ড্যাব ড্যাব করে চেয়ে থাকে। গাঁয়ের সবাই বলল, “দেখো ঝণ্টার মা, এখন থেকে ঝণ্টাকে একেবারে চোখে চোখে রাখতে হবে। পেত্নীরা ওই রকম করে নিশির ডাকে ভুলিয়ে জলার ধারে ঘাড় মটকে রাখে।” শুনে ঝণ্টার মার বুকের রক্ত শুকিয়ে যায়। সারা রাত ধরে ছেলের শিয়রে জেগে থাকে। ঘন ঘন দীর্ঘশ্বাস পড়তে থাকে। ভাবে, “আমার শক্তির সংসারে এ কী হল। কী কুক্ষণেই পরের মেয়েকে ঘরে ঠাঁই দিয়েছিলাম।” এদিকে হঠাৎ বাড়ির লোকে লক্ষ্য করল যে কেমন যেন পাগলা চোখ নিয়ে তাকিয়ে থাকে ঝণ্টা। হঠাৎ সে বলে বসল, “আমি পোড়া শোল মাছ খাব।” অমনি সঙ্গে সঙ্গে কোথেকে একটা পোড়া শোল মাছ ঘরের মাঝখানে এসে পড়ল। ভয়ে আঁতকে উঠল সবাই। ক্রমে ব্যাপারটা সহজ হয়ে এল। দেখা গেল ঝণ্টা যখন যা চায় কে যেন সঙ্গে সঙ্গে তাই এনে হাজির করে। সেদিন দুপুরে গরমে আইচাই করতে করতে ক্ষীণ কণ্ঠে ঝণ্টা বলল, “মা, এক গ্লাস ঠাণ্ডা জল দাও না।” মুখের কথা খসাতে যতটুকু সময়। দেখা গেল, সুন্দর একটি গলাসে টলটলে পরিষ্কার জল। ঝণ্টা সেই জল খেতে যাচ্ছিল-কিন্তু ওর মা হাত দিয়ে সবটুকু জল মেঝেতে ফেলে দিয়ে বললে, “কক্ষনো মুখে দিসনে ঝণ্টা... ওসব পেত্নীতে জোগাচ্ছে।” সন্ধ্যার পর পাড়ার মেয়েরা দল বেঁধে আসত ঝণ্টাকে দেখতে। কথায় কথায় গাঙ্গুলী গিল্লি বললেন, আমার জর্দা ফুরিয়ে গেছে। কাশীর জর্দা না হলে আমার মুখে রোচে না। আপন মনে ঝণ্টা বলল, “তুমি কাশীর জর্দা খাবে ঠানদি?” সঙ্গে সঙ্গে ঠন করে মেঝেতে পড়ল একটা কৌটো। গাঙ্গুলী-গিল্লি অবাক হয়ে বললেন, “এই তো কাশীর জর্দা! একেবারে নতুন কৌটো। কোথেকে এল ঝণ্টার মা?” আর যারা আশেপাশে ছিল-ব্যাপারটা জানতো, তারা সব খুলে বলল। জর্দার কৌটোটা গাঙ্গুলী-গিল্লি হাতে তুলে নিতে যাচ্ছিলেন, কিন্তু যেই আত্মদী পেত্নীর কথা শুনলেন অমনি ‘রাম-রাম’ করতে করতে একেবারে নিজের বাড়ির দিকে পা চালিয়ে দিলেন। যত দিন ব্যাপারটা তামাশা থাকে লোকে ভিড় জমায়, কৌতূহলী হয়ে বসে থাকে পেত্নীর কান্ড দেখতে। কিন্তু কত রাত্রি লোকে এই ভাবে না ঘুমিয়ে জাগতে পারে? কাজেই আস্তে আস্তে ভিড় পাতলা হয়ে আসতে লাগল। বাড়ি আবার মানুষ-জন শূন্য থমথমে হয়ে এল। কীসের যেন দুঃস্বপ্ন দেখে মাঝ রাত্তিরে ঝণ্টার মায়ের ঘুম ভেঙে যায়। মা ছেলেকে বুকের কাছে প্রাণপণে টেনে নেয়। বাঁশ ঝাঁড়ের পেছন দিকে যেখানে। একটানা ঝিমঝিম চেকে চলে সেখানে যেন কান্নার রেশ শুনতে পাওয়া যায়। মা চমকে উঠে বসে। ছেলের মাথায় হাত রেখে সারা রাত ধরে দুর্গা নাম জপ করতে থাকে। কেবলই মনে হয়, তার কোলের ছেলেকে কে যেন ছিনিয়ে নিতে আসছে। সেদিন সঙ্গে থেকেই একটানা ঝিমঝিম বৃষ্টি হচ্ছে। দূর বনে প্রহরে প্রহরে শেয়াল ডাকছে, মনে হচ্ছে যেন ওরাও খুব ভয় পেয়েছে। পাখ-পাখালিরা কখন যে গিয়ে বাঁসায় সঁধিয়েছে-কেউ খবর রাখেনি। গরস্ত বাড়ির গোয়ালগুলোতে গরুগুলো এমনভাবে হামলাচ্ছে যে মনে হয়

তারা অশুভ কোনও ইঙ্গিত পেয়েছে। মাঝে মাঝে কালো পঁচাচার ডাক কানে ভেসে আসছে শ্মশানের দিক থেকে একটা শোঁ শোঁ হাওয়া বুক চিরে উত্তর অঞ্চলের জলভূমির ওপর দিয়ে বইছে। মনে হচ্ছে, কোনও পেত্নীতে বুঝি নিশ্বাস। যেনছে। গাঁয়ের পরে আজ একটি লোকও নেই। কোনও বাড়িতে একটি ছেলেও কেঁদে উঠছে না। মনে হচ্ছে, রুদ্ধ আতঙ্কে সবাই প্রহর গণনা করছে। ঝন্টাদের বাড়িতে আজ সবাইকে কি কাল-ঘুম পেয়েছে কে জানে। সন্কেবেলা উনুনে আগুন পড়েনি। বামুনদিদি খুঁটে আর কয়লা সাজাতে গিয়ে সেখানেই ঘুমিয়ে পড়েছে, বাইরের ঘরে বাড়ির কর্তারা সন্কেবেলা দাবা-পাশা খেলতে বসেন। তাঁদের চিংকারে আশপাশের দশটা বাড়ির লোক ঘুমোতে পারে না। আজ আঁধার ঘনিয়ে আসবার সঙ্গে সঙ্গে দাবার ছক একপাশে সরিয়ে রেখে সবাই ফরাসের উপর অঘোরে নাক ডাকিয়ে ঘুমোচ্ছে। অবিস্রান্ত বর্ষা চলছে। তারই সঙ্গে তাল রেখে খানাডোবার ব্যাঙেরা আসর জমিয়ে তুলেছে। আকাশের সমস্ত তারা মেঘে ঢাকা পড়েছে। মাথার ওপর কালপুরুষ-সাংঘাতিক। কিছু ঘটবে বলে বুঝি দমবন্ধ করে প্রহর গণনা করছে। ঝড়ের গর্জনে বিপদের ইঙ্গিত। মায়ের পাশে শুয়ে অকাতরে ঘুমোচ্ছে ঝন্টা। এমন ঘুম যে দেখে মনে হয় ওর দেহে বুঝি প্রাণ নেই। আকাশের বৃষ্টি, ঝোড়ো হাওয়া, ঝিঁঝির ডাক, ব্যাঙের শব্দ, পঁচাচার চঁচাচনি, আর কালপুরুষের নীরব ইঙ্গিত ওকে যেন এমনভাবে ঘুম পাড়িয়েছে যে সে ঘুম আর ভাঙবে না। কিন্তু হঠাৎ বেড়ার পাশে কার ফিসফিসানি কথা শোনা গেল। "ঝন্টা, উঠে আয়, জলের ধারে মাছ থইথই করছে" ঝন্টা এক মুহূর্তে সচকিত হয়ে ওঠে। আবার সেই ফিসফিসানি আহ্বান ভেসে এল। উদাস দৃষ্টিতে ঝন্টা উঠে বসল। কার ডাক, কোথায় যেতে হবে, কিছুজানেনা। তবু সে উঠে দাঁড়াল পাগলের মতো। আবার সেই বাঁশ বনের মধ্যে কার আহ্বান, "আজ আর পোলে নিসনে ঝন্টা, খ্যাপলা জালটা হাতে নিয়ে তাড়াতাড়ি আমার সঙ্গে বেরিয়ে আয়।" এই প্রহেলিকাময় নিশির ডাকে সাড়া না দিয়ে উপায় নেই। ঝন্টা খ্যাপলা জালটা কাঁধের উপর তুলে নিয়ে দরজার ছড়কোটা খুলে উঠানে বেরিয়ে এল, সঙ্গে সঙ্গে কানে এল মেঘের গর্জন, আর বাদুড়ের ডানার ঝটপটি। কিন্তু মেঘের ডাকেও কারও ঘুম ভাঙল না। ছায়ামূর্তির হাতছানিতে ঝন্টা জলের দিকে যায়। পথে এত অন্ধকার জমাট বেঁধে আছে তবু ওর পথ চলতে কোনও অসুবিধা হয় না। "ওই যে ওইখানে কত মাছ ঘাই মারছে...তুই দেখতে পাচ্ছিসনে ঝন্টা? এগিয়ে যা, ছুঁড়ে দে খ্যাপলা জাল"। অশরীরীর নির্দেশ শুনে ঝন্টা একেবারে জলের মধ্যে পা চালিয়ে দিল। তারপর কচুরিপানার মধ্যে তার দেহটা যে কোথায় তলিয়ে গেল, সারা গাঁয়ের কেউ জানতেও পারল না। শুধু ঝন্টাদের বাড়ির কালো বেড়ালটা ওর মায়ের কাছে কেঁদে কেঁদে ফিরতে লাগল। মায়ের কাল-ঘুম তবু ভাঙল না। পরদিন জেলেরা যখন ঝন্টার মৃত দেহটা জালে টেনে তুললে, সারা গাঁয়ের মানুষজন একেবারে হুমড়ি খেয়ে পড়ল। গাঁয়ের একজন বৃদ্ধা মহিলা কপাল চাপড়ে বললেন, "আত্মদী পোড়ামুখী পেত্নী হলেও ওকে ভুলতে পারেনি, তাইতো রাহু হয়ে ঝন্টাকে কোলে টেনে নিল।" বহু বছর কেটে গেছে, এখনও গাঁয়ের লোকেরা একটু বেশি রাত্রিরে জলার ধার দিয়ে যেতে ভয় পায়। মনে হয়, কে যেন ওখানে কেঁদে কেঁদে এলোচুল উড়িয়ে, বুক চাপড়ে ছুটোছুটি করছে।



মাতৃত্ব

Subham Bera (B.Tech, CE)
Institute of Science and Technology



আজ পয়লা বৈশাখ। অন্যান্য বছর বাড়ির কারোর পয়লা বৈশাখ নিয়ে তেমন কোনো মাথাব্যথা না থাকলেও, মুনியার সকাল থেকে গোটা বাড়িময় অস্বাভাবিক রকমের দাপাদাপি বুঝিয়ে দেয় যে দিনটা পয়লা বৈশাখ। মুনিয়া হল তন্দ্রাদেবী এবং সৌমেন বাবুর একমাত্র সন্তান। তন্দ্রা দেবীর গৃহস্থ জীবন প্রধানত এই দুজন কে কেন্দ্র করে গড়ে উঠেছে। কিন্তু আজ মুনியার মধ্যে কোন প্রাণোচ্ছলতা নেই। ফুরিয়ে যাওয়া রংমশালের মত নিস্তেজ হয়ে সামনে একটা পার্শ্ববৈ খুলে নিয়ে বসে আছে কিছুটা অন্যমনস্ক হয়ে। মুনিয়া আজ ভোরে একটা দুঃস্বপ্ন দেখেছে আর সেই দুঃস্বপ্নের কালোছায়া আজ ওর মন ও মুখকে ঢেকে রেখেছে। মুনিয়া এই বছর দশম শ্রেণীতে পদার্পণ করল। তন্দ্রাদেবীর ডাকে মুনியার যেন হুঁশ ফিরল, সে তার কল্পনার জগত থেকে বাস্তবের মাটিতে পা দিল। তন্দ্রাদেবী বললেন, "কি রে, সকাল-সকাল মুখটা বাংলার পাঁচের এর মত করে রেখেছিস কেন শুনি?" মুনিয়া কোন উত্তর দিল না, একই ভাবেই বসে রইল। তন্দ্রা দেবী আবার বললেন, "বছরের প্রথম দিন, সকাল সকাল স্নান করে আমার সাথে মন্দিরে চল, দেখবি ভাল লাগবে।" মুনিয়া একরাশ বিরক্তি মুখে নিয়ে বলল সে যাবে না। তারপর মা-মেয়ের মধ্যে এক প্রকার খন্ডযুদ্ধের পর মুনিয়া গজ গজ করতে করতে স্নান করতে গেল। স্নান সেরে একটা নতুন জামা পড়ে নেমে আসলো সে। তন্দ্রা দেবীর অনেক কাকুতি মিনতির পর মুনিয়া, তার মা-র সাথে পাড়ার মন্দিরে যায়। সকালে ঘটে যাওয়া শব্দ যুদ্ধের ফল স্বরূপ মুনিয়া পুজো শুরু হওয়ার আগেই মন্দির থেকে বাড়িতে ফিরে আসে।

মুনিয়া বাড়ি ফিরে আসার আধঘন্টা পর ঘটে যায় সেই অঘটন যার আঁচ কিছুটা হলেও মুনিয়া স্বপ্ন থেকে পেয়েছিল। পাশের বাড়ির কাকিম্মা পড়ি-মড়ি করে ওদের বাড়িতে ঢুকে মুনিয়াকে বলে ফ্লিজ থেকে বরফ ও একটা শাড়ি নিয়ে মুনিয়া যেন তার সাথে মন্দিরে যায়। 'কি হয়েছে?' মুনিয়া জিজ্ঞাসা করাতে প্রথমে তিনি কিছু উত্তর না দিলেও পরে বলেন, তার মা-র গায়ে আগুন লেগেছে। অনেক কষ্টে আগুন নেভানো গেলেও পা থেকে কোমর পর্যন্ত অনেকটা অংশই পুড়ে গেছে। কথাটা শোনা মাত্রই কোনরকমে দুটো জিনিস নিয়ে দিক - বিদিক শূন্য হয়ে কাঁদতে কাঁদতে কাঁপা শরীরে পৌঁছয় সে মন্দিরে। ইতিমধ্যে তার বাবাও খবর পেয়ে মন্দির চত্বরে উপস্থিত হন এবং ওখান থেকে তন্দ্রা দেবীকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ডাক্তার বলেন হাসপাতালে রাখলে ইনফেকশন হয়ে যেতে পারে, তাই বাড়ি নিয়ে গিয়ে নিয়মিত মেডিসিন ও একজন ট্রেন্ড নার্স দ্বারা অন্তত এক সপ্তাহ ড্রেসিং করাতে হবে। বাড়ি ফিরে রাতে খাবার পর তন্দ্রা দেবী সৌমেন বাবুর কাছে দুর্ঘটনার বর্ণনা দিতে থাকেন এবং অবশেষে বলেন, "আমার যেই মোমবাতি থেকে আগুন ধরেছিল, সেই একই জায়গায় এই ঘটনা ঘটার কিছুক্ষণ আগে মুনিয়া দাঁড়িয়েছিল। ভগবানের অনেক কৃপা ওর কোনো ক্ষতি হয়নি, ও যে এ জ্বালা সহ্য করতে পারত না।" মুনিয়া ওই ক্রমের বাইরে দাঁড়িয়ে মা-র বলা শেষ কথাটা শুনলো। তার গাল বেয়ে নেমে আসলো নোনা জলের ধারা। সে আজ বুঝলো শিশুর মুখে উচ্চারিত প্রথম শব্দ কেন "মা" হয়। সে শুনেছে সন্তানের সাথে মা-র নাড়ির সম্পর্কের কথা, আজ তা মর্মে মর্মে উপলব্ধি করলো সে। সব সম্পর্কে স্বার্থ থাকলেও, পৃথিবীতে বোধ হয় এই একটাই সম্পর্ক রয়েছে গেছে যা স্বার্থহীন, নিখাদ। যার মধ্যে শুধু আছে নিজেকে উজাড় করে দেওয়ার ক্ষমতা, বিপরীতে নেই কোনো প্রত্যাশা।



UNSPOKEN STORY OF THE MOON!

Tanmay Mahata (B.Tech, CE)
Institute of Science and Technology

(Everyone bears their own pain. Having beauty doesn't mean he/ she can't have any pain. It's lying, lying in the corner of their own heart. Listen, Observe & admire them. You may be the inspiration for him/her or it's vice versa. Here you can find it. Trust Me & obviously Trust the universe.)

Unspoken Story of the Moon!

I wish I could be like you, one beats in two hearts. You wonder? I know. You always admire my beauty even you have promised to your beloved to snatch me to fulfill her wish. I also desire to surrender if someone can fulfill their dreams.

But before I surrender your wish, do you have some valuable time for me?

A few minutes I would like to take. I have a story, a story for you. In this universe, I am also just dependent on my existence as you are. Isn't? You appreciate my elegance but have you observed why I am carrying wounds with me. Never! You people believe in the perfection of imperfection but not executed. A beauty must need to carry some scars to save from devil's eye. But why? Not all the grace needs that! You had given the definition of beauty. Why I owe it where you judge from outside not inside. The small deep holes, insufficient oxygen, water, etc. inside me are fresh scars now. You know it is needed for beginning a new life. But That's was my trust, emotions, betrayal which I had believed in the most. I was also loved by someone before the Universe was created. You send robot, satellite in search of life; not for me or my grief. You always worship on full moon but not in the dark phase. Why? You know! The wounds are come out of their graves that day! I'm burning the most that day! Have you seen or heard my screaming? Astonished! All my miseries are transformed into the radiation where you build your dreams entangled with two fingers; put your head to your beloved shoulder. It takes fifteen days to heal and again rebirth!

Now you will ask why I am alive or it's better to kill myself to get rid of this inevitable pain.

It's because of you dear. I could be or be someone's inspiration or a love story as beautiful as yours. I know Healing is a lengthy process; it may take time, a year or decade. But I trust the universe. One day I could fall like a star to fulfill someone's dream. One day I will be like you where scares would be the gems, sparkling on my beloved's fingers.

Believe in miracles! That's me, a Moon!



রাজার হীরের অভিশাপ

Gopal Santra (B.Tech, CSE)
Institute of Science and Technology

প্রাচীন রহস্যের সূচনা:-

গোপাল এক সাহসী অভিযাত্রী এবং ধাঁধার সম্রাট, তার ছোট্ট ঘরে বসে তার দাদুর পুরনো ডায়েরি নিয়ে গবেষণা করছিল। ডায়েরির পাতাগুলো হলুদ হয়ে গিয়েছিল, সময়ের ছাপে প্রায় ঝরে পড়ার উপক্রম। দাদুর হাতের লেখা এখনও স্পষ্ট, কিন্তু সেই কথাগুলো যেন অদ্ভুত এক রহস্যের ইঙ্গিত দিচ্ছিল। দাদু একদিন তাকে বলেছিলেন, "গোপাল এই পৃথিবীর সবচেয়ে বড় এবং রহস্যময় হীরেটি এখনও কেউ খুঁজে পায়নি। এটি শুধু একটি হীরে নয়, এটি এক অভিশাপের প্রতীক। যে রাজা এটি ধারণ করেছিলেন, তার রাজ্য ধ্বংস হয়ে গিয়েছিল। আর যে কেউ এটি খুঁজতে গিয়েছে, সে ফিরে আসেনি।"

গোপালের চোখে তখন এক অদ্ভুত আগ্রহ জেগে উঠল। সে জানত, এই হীরেটি খুঁজে পাওয়া শুধু একটি অভিযান নয়, এটি তার জীবনের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। তার সঙ্গী হবে তার জীবনসঙ্গী অর্পিতা, যার প্রাচীন কিংবদন্তি সম্পর্কে গভীর জ্ঞান তাকে এই রহস্য উন্মোচনে সাহায্য করবে। আরও দুজন সঙ্গী যোগ দেবে এই অভিযানে রিতেশ, একজন দক্ষ ভূগোল শিক্ষক, যিনি বিপজ্জনক ভূপ্রকৃতি বুঝতে পারদর্শী, এবং রিতুরাজ, একজন ইতিহাসবিদ, যিনি প্রাচীন লিপি এবং গুপ্ত বার্তা পাঠ করতে সক্ষম।

এক রাত, গোপাল তার দলকে ডেকে বলল, "আমরা এই হীরেটি খুঁজে বের করব। কিন্তু সাবধান, এই পথে শুধু সাপ এবং বিপদই নয়, আছে এক রাজকোবরা, যে এই হীরের রক্ষক। আমাদের বুদ্ধি, সাহস এবং দলগত কাজ দিয়েই শুধু এই অভিশাপ জয় করা সম্ভব। অর্পিতা মাথা নেড়ে বলল, "এই হীরের পিছনে লুকিয়ে আছে এক প্রাচীন রহস্য। এটি শুধু একটি রত্ন নয়, এটি এক শক্তির উৎস। যদি আমরা এটি খুঁজে পাই, তাহলে শুধু ধন নয়, আমরা ইতিহাসের এক অধ্যায় উন্মোচন করব।" রিতেশ মানচিত্র খুলে বলল, "এই জঙ্গলের ভেতর দিয়ে একটি নদী প্রবাহিত হয়েছে। এই নদীই আমাদের প্রথম পথনির্দেশক। কিন্তু এই নদীর পথে আছে বিশ্বের সবচেয়ে বিষাক্ত সাপ। আমাদের সতর্ক থাকতে হবে।" রিতুরাজ যোগ করল, "এই জঙ্গলে আছে প্রাচীন সভ্যতার চিহ্ন। তাদের লিপি এবং গুপ্ত বার্তা আমাদের পথ দেখাবে। কিন্তু সেগুলো বুঝতে হলে আমাদের ইতিহাসের গভীরে যেতে হবে।" গোপালের চোখে এক অদম্য ইচ্ছা জ্বলছিল। সে জানত, এই অভিযান শুধু একটি হীরে খুঁজে পাওয়ার নয়, এটি তার নিজের সীমা অতিক্রম করার এক যাত্রা।

নদীর রহস্য:-

সকালের আলো ফুটতে না ফুটতেই গোপাল এবং তার দল জঙ্গলের দিকে রওনা দিল। তাদের পথে প্রথম বাধা হল এক গভীর এবং রহস্যময় নদী। নদীর জল কালো এবং স্থির, যেন সময়ের স্রোত থেমে গিয়েছে। নদীর দুপাশে ঘন জঙ্গল, যেখান থেকে শোনা যাচ্ছিল অদ্ভুত শব্দ। মাঝে মাঝে সাপের ফোঁস ফোঁস আওয়াজ, আর কখনও অজানা প্রাণীর ডাক। রিতেশ মানচিত্রটি খুলে বলল, "এই নদীটি আমাদের প্রথম পথনির্দেশক। কিন্তু এখানেই আমাদের প্রথম চ্যালেঞ্জ। এই নদীর জল বিষাক্ত, এবং এর তীরে আছে বিশ্বের সবচেয়ে বিষাক্ত সাপ। আমাদের সতর্ক থাকতে হবে।" অর্পিতা নদীর দিকে তাকিয়ে বলল, "এই নদীটি শুধু একটি নদী নয়, এটি এক রহস্যের দ্বার। প্রাচীন কিংবদন্তি বলে, এই নদীর তলায় লুকিয়ে আছে এক গুপ্ত সূত্র, যা আমাদের হীরের পথ দেখাবে।" গোপাল নদীর দিকে তাকিয়ে বলল, "তাহলে আমাদের এই নদী পার হতে হবে। কিন্তু কিভাবে? এই জল এতই বিষাক্ত যে এক ফোঁটাও যদি শরীরে লাগে, তাহলে মৃত্যু নিশ্চিত।" রিতুরাজ তার ব্যাগ থেকে একটি প্রাচীন পুঁথি বের করল। তিনি বললেন, "এই পুঁথিতে লেখা আছে, এই নদীর জল শুধু বিষাক্ত নয়, এটি এক জাদুকরী শক্তির অধিকারী। যদি আমরা সঠিক মন্ত্র উচ্চারণ করি, তাহলে জল আমাদের জন্য নিরাপদ হয়ে যাবে।" দলটি নদীর তীরে বসে মন্ত্র উচ্চারণ শুরু করল। কিছুক্ষণ পর, নদীর জল যেন এক অদ্ভুত আলোয় ভরে গেল। জল এখন আর কালো নয়, এটি হয়ে গেল স্বচ্ছ এবং নীল। গোপাল বলল, "এখনই সময়। আমাদের দ্রুত নদী পার হতে হবে।" তারা একটি ছোট নৌকা তৈরি করল এবং নদী পার হতে শুরু করল। কিন্তু মাঝনদীতে পৌঁছাতেই তারা দেখল, নদীর জল আবার অন্ধকারে ঢেকে যাচ্ছে। হঠাৎ, নদীর তল থেকে উঠে এল এক বিশালাকার সাপ-একটি রাজকোবরা, যার চোখ দুটি জ্বলজ্বল করছিল লাল আলোয়। অর্পিতা চিৎকার করে

বলল, "এটাই সেই রাজকোবরা। এটি হীরের রক্ষক। আমাদের সতর্ক থাকতে হবে।" রাজকোবরা তাদের দিকে এগিয়ে এল, তার ফণা প্রসারিত করে। গোপাল দ্রুত তার ব্যাগ থেকে একটি জাদুকরী পাথর বের করল, যা তার দাদু তাকে দিয়েছিলেন। তিনি পাথরটি রাজকোবরার দিকে ছুঁড়ে মারলেন, এবং পাথরটি আলো ছড়িয়ে রাজকোবরাকে অস্বাভাবিকভাবে অন্ধ করে দিল। এই সুযোগে তারা নদী পার হয়ে অন্য তীরে পৌঁছাল। কিন্তু তারা জানত, এই শুধু শুরু। নদীর পেরেই তাদের জন্য অপেক্ষা করছে আরও ভয়ঙ্কর চ্যালেঞ্জ।

জঙ্গলের গভীরে:-

নদী পার হওয়ার পর, গোপাল এবং তার দল ঘন জঙ্গলের গভীরে প্রবেশ করল। গাছগুলো এতই উঁচু যে তাদের মাথা আকাশ ছুঁই ছুঁই করছে। জঙ্গলের বাতাসে ভেসে আসছে অদ্ভুত গন্ধ, মাটি, পচা পাতা এবং কিছু অজানা ফুলের মিশ্রণ। চারপাশে শুধু অন্ধকার আর গুঞ্জন, যেন জঙ্গল নিজেই তাদের দিকে নজর রাখছে। রিতেশ তার কম্পাস বের করে বলল, "আমরা সঠিক পথে আছি। কিন্তু এই জঙ্গলে কোনো মানচিত্র কাজ করবে না। এখানে প্রকৃতি নিজেই পথ নির্দেশ করে। আমাদের প্রকৃতির ভাষা বুঝতে হবে।" অর্পিতা মাথা নেড়ে বলল, "এই জঙ্গলে শুধু সাপ নয়, আছে প্রাচীন সভ্যতার চিহ্ন। যদি আমরা সেগুলো খুঁজে পাই, তাহলে হীরের পথ পেতে আমাদের সহজ হবে।" গোপাল তার দলের দিকে তাকিয়ে বলল, "আমাদের একসাথে থাকতে হবে। এই জঙ্গল শুধু আমাদের শারীরিক শক্তি নয়, আমাদের মানসিক শক্তিও পরীক্ষা করবে।" তারা এগিয়ে চলল। হঠাৎ, রিতুরাজ একটি প্রাচীন পাথরের খণ্ড দেখতে পেল। পাথরটির উপর খোদাই করা ছিল অদ্ভুত চিহ্ন এবং লিপি। তিনি বললেন, "এই লিপি প্রাচীন সভ্যতার। এখানে লেখা আছে, 'যে সত্যের সন্ধান করে, সে সত্যের মুখোমুখি হবে।'" গোপাল বলল, "এর মানে কি?" রিতুরাজ বললেন, "এর মানে, আমাদের সামনে একটি ধাঁধা আছে। আমরা যদি সঠিক উত্তর দিতে পারি, তাহলে আমরা এগিয়ে যেতে পারব। নাহলে, আমরা চিরতরে এই জঙ্গলে হারিয়ে যাব।" তারা পাথরের সামনে দাঁড়াল। হঠাৎ, পাথরটি থেকে একটি কণ্ঠস্বর শোনা গেল,

প্রশ্ন হল-যা আছে, কিন্তু দেখা যায় না; যা চলে, কিন্তু হাঁটে না; যা বলে, কিন্তু কথা বলে না।

অর্পিতা চিন্তা করে বলল, "এর উত্তর হল 'ছায়া'।" পাথরটি থেকে একটি আলো জ্বলল, এবং তাদের সামনে একটি গুপ্ত দরজা খুলে গেল। দলটি দরজা দিয়ে ভেতরে প্রবেশ করল। ভেতরে তারা দেখল একটি বিশাল কক্ষ, যার মাঝখানে একটি পাথরের টেবিল। টেবিলের উপর ছিল একটি প্রাচীন মানচিত্র। রিতেশ মানচিত্রটি দেখে বলল, "এই মানচিত্র আমাদের হীরের অবস্থান দেখাচ্ছে। কিন্তু এখানে আরও লেখা আছে, 'যে হীরে খুঁজে, সে অভিশাপ পাবে।'" গোপাল বলল, "আমরা এই অভিশাপের মুখোমুখি হব। কিন্তু আমরা থামব না।" তারা মানচিত্র অনুসারে এগিয়ে চলল। কিন্তু হঠাৎ, মেঝে থেকে বেরিয়ে এল ধারালো বর্শা। গোপাল দ্রুত তার দলকে সতর্ক করল, এবং তারা সবাই সতর্কভাবে বর্শা এড়িয়ে চলল। এরপর, তারা একটি অন্ধকার গুহার সামনে পৌঁছাল। গুহার ভেতর থেকে শোনা যাচ্ছিল অদ্ভুত শব্দ। গোপাল বলল, "এই গুহার ভেতরেই আছে হীরে। কিন্তু এখানে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ অপেক্ষা করছে।"

গুহার রহস্য:-

অন্ধকার গুহার মুখে দাঁড়িয়ে গোপাল এবং তার দল এক গভীর শ্বাস নিল। গুহার ভেতর থেকে বেরিয়ে আসা ঠাণ্ডা বাতাস তাদের শরীরে শিহরণ তুললো। গুহার গভীরতা অজানা, এবং তার অন্ধকার যেন এক জীবন্ত সত্ত্বা, তাদের দিকে হাত বাড়িয়ে ডাকছে। গোপাল বলল, "এই গুহার ভেতরেই আছে রাজার হীরে। কিন্তু এখানে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ অপেক্ষা করছে। আমরা একসাথে থাকব, এবং কোনো কিছুকেই ভয় পাব না।" অর্পিতা তার টর্চ জ্বালিয়ে বলল, "এই গুহার ভেতরে শুধু অন্ধকার নয়, আছে প্রাচীন সভ্যতার চিহ্ন। যদি আমরা সেগুলো খুঁজে পাই, তাহলে আমাদের পথ সহজ হবে।" রিতেশ তার ব্যাগ থেকে একটি রশি বের করল। তিনি বললেন, "এই গুহার মেঝে খুবই পিচ্ছিল এবং বিপজ্জনক। আমরা এই রশি দিয়ে একে অপরের সাথে বাঁধা থাকব, যাতে কেউ হারিয়ে না যায়।" রিতুরাজ বললেন, "এই গুহার ভেতরে আছে প্রাচীন লিপি এবং গুপ্ত বার্তা। যদি আমরা সেগুলো বুঝতে পারি, তাহলে আমরা হীরের পথ পাব।" তারা গুহার ভেতরে প্রবেশ করল। গুহার দেওয়ালে ছিল অদ্ভুত চিত্র এবং লিপি, যেগুলো যেন এক প্রাচীন গল্প বলছিল। অর্পিতা একটি লিপি পড়ে বলল, "এখানে লেখা আছে, 'যে হীরে খুঁজে পাবে, সে নিজের ভয়ের মুখোমুখি হবে।'" গোপাল বলল, "এর মানে, আমাদের ভয়কে জয় করতে হবে। শুধু বাহ্যিক বিপদ নয়, আমাদের ভেতরের ভয়ও আমাদের পরীক্ষা করবে।" তারা এগিয়ে চলল। হঠাৎ, গুহার মেঝে থেকে বেরিয়ে এল ধারালো কাঁটাগুলো। গোপাল দ্রুত তার দলকে সতর্ক করল, এবং তারা সবাই সতর্কভাবে কাঁটা এড়িয়ে চলল। এরপর, তারা একটি বিশাল কক্ষে পৌঁছাল। কক্ষের মাঝখানে ছিল একটি পাথরের সিংহাসন, যার উপর রাখা ছিল রাজার হীরে। হীরেটি এতই উজ্জ্বল যে তার আলোয় পুরো কক্ষ আলোকিত হয়ে গেল। কিন্তু হীরের চারপাশে ছিল এক অদৃশ্য বাধা। গোপাল বলল, "এই বাধা ভাঙতে হবে। কিন্তু কিভাবে?" রিতুরাজ বললেন, "এই বাধা শুধু শারীরিক নয়, এটি মানসিকও। আমাদের একসাথে কাজ করতে হবে, এবং আমাদের বুদ্ধি দিয়ে এই বাধা ভাঙতে হবে।" তারা একসাথে মিলে হীরের চারপাশে ঘিরে দাঁড়াল। গোপাল বলল, "আমরা সবাই একসাথে চিন্তা করব, এবং এই বাধা ভাঙব।" তারা সবাই চোখ বন্ধ করে হীরের দিকে মনোনিবেশ করল। কিছুক্ষণ পর, বাধাটি ধীরে ধীরে অদৃশ্য হয়ে গেল। গোপাল হীরেটি তুলে নিল। হঠাৎ, গুহার দেওয়াল থেকে শোনা গেল এক গম্ভীর কণ্ঠস্বর, "তোমরা রাজার হীরে পেয়েছ, কিন্তু এখন তোমাদের অভিশাপের মুখোমুখি হতে হবে।"

অভিশাপের মুখোমুখি:-

গুহার দেওয়াল থেকে ভেসে আসা গম্ভীর কণ্ঠস্বর গোপাল এবং তার দলকে থমকে দিল। হীরেটি হাতে নিয়েই তারা অনুভব করল, চারপাশের বাতাস যেন ভারী হয়ে উঠছে। গুহার আলো স্তান হয়ে এল, এবং অন্ধকারে মিশে গেল হীরের উজ্জ্বলতা। "এই অভিশাপ কি?" অর্পিতা ভয়ে কাঁপতে কাঁপতে জিজ্ঞাসা করল। রিতুরাজ বললেন, "এই হীরে শুধু একটি রত্ন নয়, এটি এক শক্তিশালী অভিশাপের বাহক। যে রাজা এটি ধারণ করেছিলেন, তার রাজ্য ধ্বংস হয়ে গিয়েছিল। আর যে কেউ এটি স্পর্শ করেছে, সে কখনও ফিরে আসেনি।" গোপাল দৃঢ়ভাবে বলল, "আমরা এই অভিশাপ ভাঙব। আমরা এতদূর এসেছি, এখন থামব না।"

হঠাৎ, গুহার মেঝে কেঁপে উঠল, এবং দেওয়াল থেকে বেরিয়ে এল এক বিশালাকার ছায়া। ছায়াটি ধীরে ধীরে রূপ নিল এক ভয়ঙ্কর দানবের। তার চোখ দুটি জ্বলজ্বল করছিল লাল আলোয়, এবং তার গর্জনে গুহার দেওয়াল কেঁপে উঠল।

অভিশাপের সমাপ্ত:-

দানবটি গর্জন করে তাদের দিকে এগিয়ে এল। তার বিশাল শরীরে আলোড়ন তুলে গুহার দেওয়াল কেঁপে উঠল। গোপাল এবং তার দল একত্রিত হয়ে দাঁড়াল, তাদের চোখে কোনো ভয় নেই শুধু দৃঢ় সংকল্প। গোপাল বলল, "আমরা একসাথে থাকব। আমাদের বুদ্ধি এবং সাহস দিয়ে এই দানবকে পরাজিত করব।" অর্পিতা বলল, "এই দানব শুধু শারীরিক শক্তি নয়, এটি আমাদের ভয় এবং দুর্বলতার প্রতীক। আমাদের ভয়কে জয় করতে হবে।" রিতেশ বলল, "এই গুহার ভেতরে আছে প্রাচীন সভ্যতার চিহ্ন। যদি আমরা সেগুলো ব্যবহার করি, তাহলে আমরা দানবকে পরাজিত করতে পারব।" রিতুরাজ তার ব্যাগ থেকে একটি প্রাচীন পুঁথি বের করল। তিনি বললেন, "এই পুঁথিতে লেখা আছে, 'যে সত্যের সন্ধান করে, সে সত্যের শক্তি পায়।' তারা সবাই একসাথে মিলে দানবের দিকে এগিয়ে চলল। গোপাল হীরেটি উঁচু করে ধরে বলল, "আমরা এই হীরে নিয়েছি, কিন্তু আমরা এর অভিশাপ ভাঙব। আমরা সত্যের সন্ধান করি, এবং সত্যের শক্তি আমাদের সাথে আছে।" দানবটি গর্জন করে তাদের দিকে এগিয়ে এল, কিন্তু গোপাল এবং তার দল একসাথে মন্ত্র উচ্চারণ করতে শুরু করল।

হীরেটি থেকে বেরিয়ে এল এক উজ্জ্বল আলো, যা দানবটিকে আচ্ছন্ন করে ফেলল। দানবটি ধীরে ধীরে অদৃশ্য হয়ে গেল, এবং গুহার দেওয়াল থেকে শোনা গেল এক কণ্ঠস্বর, "তোমরা সত্যের শক্তি পেয়েছ, এখন তোমরা মুক্ত।"

গুহার আলো আবার ফিরে এল, এবং গোপাল এবং তার দল হীরেটি নিয়ে গুহার বাইরে বেরিয়ে এল। তারা জঙ্গলের বাইরে পৌঁছাল, এবং সূর্যের আলোয় হীরেটি আরও উজ্জ্বল হয়ে উঠল।

বিজয়ের প্রত্যাবর্তন:-

গ্রামের কেন্দ্রে একটি ছোট মন্দিরে রাজার হীরেটি স্থাপন করা হল। এটি শুধু একটি রত্ন নয়, এটি গ্রামের ঐতিহ্য এবং গর্বের প্রতীক হয়ে উঠল। গোপাল, অর্পিতা, রিতেশ এবং রিতুরাজের নামে গ্রামের প্রবেশদ্বারে একটি স্মৃতিস্তম্ভ তৈরি করা হল, যাতে তাদের সাহসিকতা এবং বুদ্ধিমত্তার গল্প চিরস্মরণীয় হয়ে থাকে। গোপাল এবং অর্পিতা তাদের জীবন নতুনভাবে শুরু করল। তারা গ্রামের শিশুদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করল, যেখানে তারা অভিযান, বিজ্ঞান, ইতিহাস এবং প্রকৃতির শিক্ষা দিত। গোপাল বলত, "জ্ঞানই হল সবচেয়ে বড় সম্পদ। যদি আমরা আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে শিক্ষিত করি, তাহলে তারা পৃথিবীর যেকোনো রহস্য উন্মোচন করতে পারবে।" রিতেশ তার ভূগোলের জ্ঞান কাজে লাগিয়ে গ্রামের চারপাশের জঙ্গল এবং নদীগুলোর মানচিত্র তৈরি করলেন। তিনি গ্রামবাসীদের শিখালেন কিভাবে প্রকৃতির সাথে সহাবস্থান করতে হয় এবং বিপদ এড়াতে হয়। রিতুরাজ প্রাচীন লিপি এবং গুপ্ত বার্তা নিয়ে গবেষণা চালিয়ে গেলেন। তিনি গ্রামের ইতিহাস নিয়ে একটি বই লিখলেন, যা পরবর্তী প্রজন্মের জন্য একটি মূল্যবান সম্পদ হয়ে উঠল। একদিন, গোপাল তার দলকে নিয়ে গ্রামের পাহাড়ের চূড়ায় দাঁড়াল। সূর্যাস্তের আলোয় পুরো গ্রামটি সোনালি হয়ে উঠছিল।

গোপাল বলল, "আমরা শুধু একটি হীরে খুঁজে পাইনি, আমরা আমাদের ভবিষ্যৎ তৈরি করেছি। এই গ্রাম, এই মানুষগুলো, এবং আমাদের এই বন্ধন-এটাই আমাদের সবচেয়ে বড় সম্পদ।" অর্পিতা হাসতে হাসতে বলল, "এবং এই গল্পটি আমাদের সন্তানদের বলব, যাতে তারা জানতে পারে, সাহস এবং সত্যের শক্তি দিয়ে সবকিছু সম্ভব।" রিতেশ এবং রিতুরাজ বলল, "এই গ্রাম এখন শুধু আমাদের নয়, এটি আমাদের ভবিষ্যৎ প্রজন্মের। আমরা তাদের জন্য একটি সুন্দর পৃথিবী রেখে যাব।" তারা সবাই একসাথে সূর্যাস্তের দিকে তাকিয়ে রইল। তাদের মনে হল, এই মুহূর্তটি যেন সময়ের সীমানা পেরিয়ে চিরস্থায়ী হয়ে আছে।

এই গল্পের মাধ্যমে আমরা শিখি, জীবনের সবচেয়ে বড় সম্পদ শুধু ধন-সম্পদ নয়, এটি আমাদের অভিজ্ঞতা, বন্ধন এবং জ্ঞান। গোপাল এবং তার দলের এই অভিযান শুধু একটি রত্নের নয়, এটি তাদের জীবনের সবচেয়ে বড় শিক্ষা।



আলোর রেখা

Sneha Ghosh (B.Tech, CSE)
Institute of Science and Technology

অরুণ্য একদম নিজের মতো ছিল নীরব, নির্জন, আর মনের ভেতরের দেয়ালে বন্দি। তার কথাগুলো কখনও জোরে বের হত না, চোখের ভাষায় থাকত অব্যক্ত আত্মসম্মান। কলেজের করিডোরে ও হাঁটতে নিচু মাথায়, যেন নিজের ছায়াটাও ওর আত্মবিশ্বাসকে অতিক্রম করতে পারত না। তবু সেই ছায়ায় আড়ালে লুকিয়ে ছিল এক আলোর ক্ষুদ্র শিখা, যা জ্বলে উঠতে চাইত, কিন্তু বাতাসের ভয়ে কাঁপত।

প্রত্যেক বছরের মতো এবারও কলেজে আয়োজন করা হল "ইনোভেশন চ্যালেঞ্জ"-একটি প্রতিযোগিতা যেখানে সেরা আইডিয়াগুলো পায় স্বীকৃতি আর প্রতিভা খুঁজে পায় নিজের মঞ্চ। কিন্তু অরুণ্যর কাছে এ সবই ছিল অচেনা, অস্বস্তিকর এক জগৎ।

"আমি পারব না,"-কথাটা সে যেন নিজের মনের দেয়ালে খোদাই করে রেখেছিল।

কিন্তু তার বন্ধু মেঘদূতি, যাকে বলা যায় অরুণ্যর বিপরীত প্রতিচ্ছবি, ছিল সাহসী, প্রাণবন্ত। মেঘদূতি পড়ত Electronics and Communication Engineering (ECE)-তে, তবে এই ভিন্ন ধারার সেতুতে ছিল বন্ধুত্বের অনন্য বন্ধন। "তুই ভাবছিস তাকে জিততে হবে? না রে পাগলী, শুধু চেষ্টা কর-নিজের সাথে লড়াইটা জিতলেই হবে," বলে মেঘদূতি একপ্রকার জোরকরেই অরুণ্যকে রাজি করায়। ইনোভেশন চ্যালেঞ্জ ছিল CSE ডিপার্টমেন্টের জন্য, কিন্তু বন্ধুত্বেরদেওয়াল কি আর কোনো বিভাগ মানে? মেঘদূতি পাশে ছিল, অরুণ্যর অদৃশ্য ঢাল হয়ে। অরুণ্য রাজি হলেও মনটা ভেতরে ভেতরে কুঁচকে ছিল। দিনগুলো কেটে যাচ্ছিল প্রস্তুতির মাঝে, তবে অরুণ্যর মনে ছিল একটাই ভাবনা-"সবাই হাসবে, যদি আমি ব্যর্থ হই?" কিন্তু মেঘদূতি ছিল ওর সাহসের রূপ।

"হাসুক না, কিন্তু মনে রাখবি, হাসি চিরকাল থাকে না, তবে সাহসের গল্প চিরকাল বাঁচে।"

অরুণ্য তৈরি করল নিজের প্রজেক্ট-একটি মানসিক স্বাস্থ্য সহায়ক অ্যাপ, নাম "মনহুঁয়া"। অরুণ্যর হৃদয়ের প্রতিফলন ছিল এই অ্যাপ-একটি জায়গা, যেখানে মানুষ নীরবে কথা বলতে পারবে, তাদের চাপা কষ্টগুলো ভাগ করে নিতে পারবে। প্রতিদিন অরুণ্য চেষ্টা করত, তবুও কোথাও যেন জড়তা রয়ে যাচ্ছিল। মঞ্চের আলোর কথা ভাবতেই বুকের মাঝে কাঁপুনি ধরত। মেঘদূতি ওর পাশে বসে বলল, "ভয় পাস না। তোর কথা তো মঞ্চের আলো নয়, তোর চোখের আলো বলবে।"

অবশেষে এল সেই দিন-ইনোভেশন চ্যালেঞ্জের প্রতিযোগিতা। বড় অডিটোরিয়াম, উজ্জ্বল আলো, মাইক্রোফোনের ঠান্ডা ধাতব স্পর্শ সবকিছু অরুণ্যর হৃদয়ে এক অজানা বড় তোলে। প্রতিযোগীরা একে একে নিজের প্রজেক্ট উপস্থাপন করছিল, আর অরুণ্যর বুকের মাঝে চাপা আতঙ্ক ধীরে ধীরে বেড়ে উঠছিল।

শেষ পর্যন্ত তার নাম ঘোষণা করা হল। মেঘদূতি ওর দিকে তাকিয়ে বলল, "মনে রাখ, তুই এখন তোর ভয়ের সাথে লড়াই যাচ্ছিস, মানুষদের সাথে নয়।" অরুণ্য মঞ্চে উঠল। হাতের তালু ঘামছে, গলায় শুকনো রুক্ষতা। প্রজেন্টেশনের শুরুটা ভালোই ছিল, কিন্তু হঠাৎ মনের মাঝে ঢুকে পড়ল সেই পুরোনো শঙ্কা, "আমি পারব তো?" শব্দগুলো জড়িয়ে গেল, কথাগুলো এলোমেলো হয়ে পড়ল। এক মুহূর্তের নীরবতা পুরো অডিটোরিয়াম জুড়ে ছড়িয়ে পড়ল।

একজন জাজ হাসি চেপে বলল, "অরুণ্য, এখনকার দিনের মেয়েরা চেষ্টা করলে সব পারে। তুমি তোমার জড়তাকে কাটিয়ে যখন মঞ্চে উঠেছিলে, আমি ভেবেছিলাম তুমিও কিছু নতুন করবে। কিন্তু তুমি পারলে না।"

এই কথাগুলো ছিল যেন ধারালো ছুরি, যা অরণ্যর আত্মবিশ্বাসকে টুকরো টুকরো করে দিল। সে আর এক মূহূর্তও থাকতে পারল না। কাঁপতে কাঁপতে মঞ্চ থেকে নেমে গেল। অডিটোরিয়ামের করিডোরের পরিণে সে অদৃশ্য হয়ে গেল নিজের ভাঙা স্বপ্নের আড়ালে। অরণ্য সেদিন ক্লান্ত পায়ে বাড়ি ফিরল, চোখের কোনে জমে থাকা অপমানের নোনতা জল নিয়ে। বাড়ির দরজা পরিণে নিজের ঘরের অন্ধকার কোণে গিয়ে বসে পড়ল কোনো শব্দ নেই, কোনো আলো নেই, শুধু নিজেকে গুটিয়ে নেওয়া এক নিঃশব্দ যুদ্ধ। মনের ভেতরে ঘুরে ফিরছিল সেই কঠিন কথাগুলো-

"তুমি পারলে না..." প্রতিটি শব্দ যেন তার আত্মবিশ্বাসের দেয়ালে নতুন করে ফাটল ধরাচ্ছিল। অন্যদিকে, মেঘদূতি কলেজে অরণ্যকে খুঁজে না পেয়ে সব বুঝে গেল। কিন্তু সে সেদিন ওকে একা থাকতে দিল।

"আহত পাখি একা থাকতে চায়। তাকে উড়তে শেখানোর আগে বিশ্রাম দরকার," - এই বিশ্বাসে দিনটা পার করল। কেটে গেল চার-পাঁচ দিন। অরণ্য কলেজে আসেনি, ফোনও ধরছে না। মেঘদূতির মনে চিন্তার মেঘ জমল। সেদিন কলেজ শেষ হতেই সে সোজা চলে গেল অরণ্যর বাড়ি। দরজায় কড়া নাড়তেই, অরণ্য দরজা খুলল-মলিন মুখ, ক্লান্ত চোখ, যেন হেরে যাওয়ার ছাপ গাঢ় হয়ে বসে আছে।

মেঘদূতি কোনো কথা না বলে ওর ঘরে গিয়ে বসে পড়ল, তারপর আস্তে আস্তে বলল : "জানিস, ছোটবেলায় আমি সাইকেল চালাতে শিখছিলাম। প্রথম দিনই পড়ে গিয়ে হাঁটু ছড়িয়ে রক্ত বেরিয়েছিল। আমি ঠিক করলাম, আর কখনও সাইকেল চালাব না।" কিন্তু আমার বাবা এসে বলল, "যদি পড়ে যাওয়া মানে হেরে যাওয়া হয়, তাহলে হাঁটতে শিখতে পারতিস?" ভেবে দেখ-একটা শিশুও হাঁটতে শিখতে বারবার পড়ে যায়, কিন্তু থামে না।" সে আরও বলল, "সেই জাজ তোকে অপমান করেননি, তোকে চ্যালেঞ্জ করেছেন। এবার জবাব দে, তবে কথায় নয়-তোর কাজে।" মেঘদূতির কথা যেন এক ফালি রোদ হয়ে অরণ্যর ভেতরের অন্ধকারে ঢুকে পড়ল। তার চোখের কোণে জমে থাকা কষ্টের জল আস্তে আস্তে ঝরে গেল, কিন্তু এবার সেই জল শুধু দুঃখের ছিল না-ছিল নতুন করে জেগে ওঠার ইশারা। মেঘদূতি আস্তে আস্তে বলল, "তোর তো এখনও পথ শেষ হয়নি, অরণ্য। তোর যুদ্ধটা এখানেই শেষ নয়।"

মেঘদূতির কথাগুলো অরণ্যর মনে যেন সাড়া ফেলে দিল।

কিছু একটা ভেতরে কেঁপে উঠল, একটা চাপা আগুন, যা এতদিন জড়তার ছাইয়ের নিচে চাপা ছিল। সে আয়নার সামনে দাঁড়াল, নিজের ক্লান্ত, হতাশ মুখের দিকে তাকিয়ে বলল,

"আমি কি সত্যিই এতটাই দুর্বল? নাহ, আমি পড়েছি, কিন্তু এবার উঠে দাঁড়াব।"

সেই রাতেই অরণ্য নিজের ডেস্কে বসল, তার প্রজেক্ট "মনছাঁয়া" খোলার সাথে সাথেই বুঝল, এটা তো শুধু একটা অ্যাপ নয়, এটা ওর নিজের গল্প, ওর নিজের চেষ্টা, যেটা সে অন্যদের জীবনে আলো জ্বালাতে তৈরি করেছিল। "যদি আমি নিজেই হাল ছেড়ে দিই, তবে অন্যদের কীভাবে বলব, ভাঙা মনও জোড়া লাগানো যায়?"

সেই রাত থেকে শুরু হল অরণ্যর নতুন লড়াই। দিন-রাত এক করে কাজ করল, নিজের ভয়কে প্রতিদিন একটু একটু করে হারিয়ে দিল। মেঘদূতি পাশে ছিল, ওর প্রতিটি ছোট্ট জয়ের সাক্ষী হয়ে।

অবশেষে এল সেই দিন-পরের ইভেন্ট, "TechVision 2.0"। এইবার অরণ্যর চোখে কোনো জড়তা ছিল না, ছিল আত্মবিশ্বাসের দীপ্তি।

মঞ্চে উঠে সে বলল, "একসময় আমি নিজেকেই বিশ্বাস করতে পারতাম না। কিন্তু আজ আমি এখানে দাঁড়িয়ে আছি, কারণ আমি হেরে গিয়েও হার মানিনি।" তার প্রজেক্টেশন শেষ হল। অডিটোরিয়াম ছিল নিস্তব্ধ, কয়েক সেকেন্ডের নীরবতা, তারপর প্রথম করতালিটা ভাঙল মেঘদূতি আর সেই জাজ। সেই করতালির সাথে সাথে সারা অডিটোরিয়াম ফেটে পড়ল প্রশংসায়।

অরণ্যর চোখে জল আসছিল, কিন্তু এবার সেই জল ছিল বিজয়ের, আত্মসম্মানের। সারা অডিটোরিয়ামে করতালির প্রতিধ্বনি যখন ধীরে ধীরে মিলিয়ে যাচ্ছিল, অরণ্যর চোখ দু'টি খুঁজে নিল সেই একমাত্র মুখ-মেঘদূতির। মেঘদূতির চোখেও ছিল জল, কিন্তু সেটা ছিল গর্বের, আনন্দের। দু'জনে চোখাচোখি করল, কোনো কথা বিনিময় হল না, তবু মনে হল হাজারটা কথা বলা হয়ে গেল। ইভেন্ট শেষে অরণ্য ধীরে ধীরে মেঘদূতির দিকে এগিয়ে এল। বহুদিনের চাপা অভিমানের মতো কিছু কথা হঠাৎ বেরিয়ে এল অরণ্যর গলায়, "তুই না থাকলে আজ আমি হয়তো এভাবে দাঁড়াতে পারতাম না।"

মেঘদূতি হেসে উত্তর দিল, "আমি তো শুধু পাশে ছিলাম, যুদ্ধটা তুই নিজেই জিতেছিস।" অরুণ্য হালকা হেসে মেঘদূতির হাতটা ধরে বলল, "কিন্তু সেই সাহসটা তো তুই-ই দিয়েছিস। তুই আমার আলোর রেখা। জীবনে এমন বন্ধুর জন্য কোনো মেডেল থাকে না?" মেঘদূতি হাসল, কিন্তু সেই হাসির আড়ালে ছিল গভীর এক বন্ধনের উষ্ণতা। সেই মুহূর্তে, কোনো মেডেল বা ট্রফির প্রয়োজন ছিল না-এই বন্ধুত্বই ছিল জীবনের সবচেয়ে বড় পুরস্কার।

মেঘদূতি হালকা ঠেলে বলল, "থাকে না আবার কি! এই তো তোর হাসি-এটাই আমার মেডেল।"

দু'জনে একে অপরকে জড়িয়ে ধরল, কোনো জয় বা হারের গল্প নয়, শুধু একটি বন্ধুত্বের গল্প হয়ে উঠল তাদের জীবনের সবচেয়ে সুন্দর মুহূর্ত। অরুণ্য মেঘদূতির কানে ফিসফিস করে বলল,

"তুই আমার জীবনের সেই জাজ, যে শুধু ভুল দেখায় না, ঠিক পথও দেখায়।" দুজনে আকাশের দিকে তাকালো, সূর্যটা তখনও মৃদু আলো ছড়াচ্ছে। ঠিক যেমন তাদের বন্ধুত্বের উষ্ণতা, যা সময়ের সাথে আরও উজ্জ্বল হয়ে রইল।



CHARHPA PITHHA

Chiranjit Hembram (M.ED)

Bengal College of Teacher Education

India is such a country in the world where different communities and tribes live and have their different culture, dress, language and food habit. So, Kabi Atul Prasad Sen said about India **"Nana bhasha, Nana mot, Nana poridhan, Bibidher majhe dekho milon mohan"**. Santal is one of the greatest tribes in India. They live in many states of our country like Jharkhand, Odisha, West Bengal, Assam and Chhattisgarh. They also live in Bangladesh, Nepal and Bhutan. This tribe has their own language, script, dress and food habit. They have many traditional foods that they make in their own way.

Charhpa is one of their traditional foods that is made in winter season, specially on the festival Sankranti/Chhoto Makar (Runda in Santali) and Makar Sankranti (Sakarati in Santali). It is also sold in their festival like Patabinda and Chakaltari and many Santal people and others buy and eat. It is very tasty to eat. The processing of this dish is so interesting and nice. Now let's know how they make it.

They prepare Charhpa Pithha in many ways. We are going to know one of the processes. To make it, they need rice flour, chicken, oil, spices, salt and green sal leaves. They make plates with green sal leaves. At first, they thoroughly mix chicken, oil, salt and all spices which need to cook chicken. Then they mix rice flour with that mixture and make balls. Those balls of mixture are put on sal plates which have oiled. Those balls are flattened with round shape and covered with other sal leave. Next they bake it on heat tawa or flat pan. After few times the Charhpa Pithha becomes ready to eat.

This recipe is so delicious and tasty to eat. We can't find it at any restaurant or hotel. So we can try to prepare this recipe at home and I think we can do it. **Joe Perry** said **"I love Indian food it's my favourite cuisine. I love the mixture of spices and the subtle flavours. It's really erotic; the spices are so sensuous."**



Charhpa Pithha , Traditional food of Santal





A MOTHER'S SILENT TEARS

Atreyee Banerjee (B.PHARM)
P. G. Institute of Medical Sciences

Rohit, a 26-year-old young entrepreneur, sat in the living room with his wife, Mira. The clock was ticking—every second adding to the burden of their conversation, pushing the weight deep into Mira's heart.

"She is becoming so old," Rohit said, reclining in his chair. "She is always finding something to complain about. I can afford her medications, but I do not have time to listen to her nagging." Mira's face became serious; her voice turned gentle but resolved. "Rohit, she's your mother. How can you even think of putting her in an old-age home? She has raised you with love and care... You owe her beyond that."

Rohit let out an angry sullen sigh. "Mira, we have gone over this many times. Tomorrow, we will go back to work. Who's going to look after her? Today, it's the only day she can do it. Plus, the old age home is affiliated with an orphanage. She won't be alone. There are others her age, and the kids adore her."

Mira's eyes became wider by the moment through worry. "The kids love her? What's that now?" Shrugging at her concern, Rohit said, "She sends them kheer every first of January. I don't know why she does, and to be honest, I don't care. But I'm pretty sure those kids appreciate her for that." In the kitchen, Rohit's mother was quietly preparing the kheer, her fingers trembling a little bit while adding nuts to it. She could hear all of it quite well. Yet even as she managed a slight smile, the weathered cheeks streamed with tears. They had discussed the old-age home months ago, and she had consented to it reluctantly, thinking it would ease her son.

As soon as the kheer was ready, she took out a bowl and placed it on the dining table before Rohit. "Beta, it is your birthday," she said to him with a gentle smile.

She took a spoonful and fed it to him, her eyes brimming with love despite the tears threatening to fall. There was a fraction of a second of hesitation in Rohit, feeling guilty as he thought from within and did not say a word.

Later on in the day, he took his mother to the old-age home. The car was filled with stillness, except for the sound of her bangles clinking together as she clutched tightly on the tiffins of Kheer on her lap. As they reached the entrance to the old-age home, Rohit tried to sound very warm and comfortable. "Don't worry, Ma. You'd be okay here."

His mother gently patted him on his shoulder and smiled at him. "I know, beta," she said under her breath and headed inside.

At the entrance, an old watchman stood with a friendly salute-welcome. "Namaste, Maaji," with his radiant smile, he said.

It raised an eyebrow from Rohit. He said to himself. "What are they talking about?"

This woman hasn't been out one minute in the house, and how does this watchman know her?"

After his mother disappeared inside, he approached the watchman with curiosity to find out what had been going on.

"How do you know that lady?" Rohit questioned.

The watchman regarded him with surprise. "Sir, Maaji is one of the very famous people around here. She has got a heart of gold. Twenty-five years ago, she came with her husband to adopt and one-year-old baby boy. Ever since that, they have been bringing kheer for all the children of this orphanage every year. Even after his husband's death, she would consistently send the kheer to the orphans, even when she couldn't deliver it in person." Rohit stood frozen, the words like a thunderbolt. He continued to stare at the watchman while his throat constricted, stuttering, "What... what did you say?"

The watchman nodded with a grin. "Yes, sir. That boy whom they adopted, was a fortunate one. She used to talk about him very lovingly."

Rohit's legs simply gave away beneath him, and he kneeled down. His mouth was covered by his hand as the sobs shook him and tears ran down his face.

"Sir, are you okay? What happened?" was the watchman's comment from there, his face filled with concern. Heaving a shaky breath, Rohit said, "Yes, I am that boy. I am that prodigal son raised oh! so lovingly by this woman. And what did I turn out to be? I can't even take care of my duty towards her in her old age. Honestly, she deserves a better son than me."

Watching Rohit sob through his own tear-stained eyes, the watchman could not understand what was happening beyond the confusion. At last, Rohit understood the immense and incomparable mother's love he took for granted.



A romantic couple is silhouetted against a vibrant sunset sky. The woman, on the left, wears a long, flowing dress and has her arms outstretched. The man, on the right, is in a suit and holds her hand. They appear to be dancing or walking slowly in a field. The sun is a bright, glowing orb between them, creating a lens flare effect. The sky transitions from a deep orange near the horizon to a pale blue at the top. The foreground is dark, suggesting a field or a path.

FLASHBACK

Pabitra Hansda , B PHARM

P. G. Institute of Medical Sciences

Preeti was alone in her room lying languidly in bed, her eyes half-closed. She was really in an offbeat mood of mind. An inexplicable indolence seemed to have settled on her body. Pritam had gone for his night shift. An eerie silence was all she could feel so lustily in every fibre of her being. Never before in the whole of her life had she felt such a stultifying sense of lassitude. Pritam had come into her life. She began drooling over Pritam – her first love. She rose lithely from bed, drew open a leather bag beside her bedstead and kept gazing at a photograph – Pritam and Priti – a lovey-dovey pair in the full bloom of their youth. In a paroxysm of joy she soliloquized, “No, never have I done any wrong by loving and being loved.”

As for Pritam, he was a geeky-looking guy of 25, never wilting under the pressure of the toughest situation. He had the guts and gumption to fight back. He had managed a small job in a local firm of less repute. No worry for a day-to-day living.

Pritam and Preeti had taken shelter in a little cottage amidst a bustee area in Odisha’s Keonjhar . Flanked on either side by serried ranks of forest trees and hilly tracks the place had indeed a rustic woodland air. Located far from the madding crowd’s ignoble strife, life here was exceptionally tranquil and hassle-free.

Preeti had usually got used to such a tenor of life. Besides her daily round of household chores she would busy herself making sal leaf plates like other women in the neighbourhood. There was a playground overlooking her cottage. She would at times sit there watching the merry children at their games and the old folks rambling and chit chatting endlessly. She would wistfully long for her long-lost childhood days redolent of her ebullience of emotion. How time flies! She got thinking nostalgically. She had a tiny wish for a happy nuptial – a happy home which would very often kindle in her longings and dreams. She remembered her ‘Purohit’ father foretelling funnily that she would become a ‘Rajrani.’ The very word ‘Rajrani’ as predicted by her father still keeps pounding deep in her heart like a sweet sorrow.

All of a sudden she seemed to wake up from her trance. Pritam had come into the room and sat silent behind her. Preeti looked a little bit fidgety. Going inside the room she brought him some crunchy snacks with a pleasant smile playing about her lips. Pritam put a few pieces into her mouth. While eating the scrumptious snacks he talked about this and that most effusively. In passing he talked about the girl who had lately joined their firm. Preeti listened to his story rather nonchalantly.

shore up her sagging spirit. She kept groping in every nook and corner for the light from within. More light she wanted to celebrate her festival of survival. Preeti was just tossing in her bed in nameless agony. Partly from fear and partly from despair she didn't sleep a wink that very night. When the day dawned she sat speechless for sometime looking out expectantly for Pritam's arrival. Time wore on interminably. Pritam didn't come back from his duty. Excitedly Preeti hurried on, detouring all the way to Pritam's workplace some miles away from the cottage. She went up to the manager's room and asked him straight away while panting excessively. 'Look here sir, Pritam, my hubby hasn't returned home as yet.' The manager didn't hesitate to disclose the secret. 'My dear lady, Pritam has got away with Arpita, my PA . I am told they have had a clandestine affair for some time.'

Preeti could bear it no longer. A cold shiver of pain ran down her spine. She thumped down on the floor, letting out a piercing wail. In a trice she felt the world around her split into a thousand pieces.



অণুগম শেষ


Sujit Kumar Das (Teacher in charge)
Excellent Model College For Teacher Education

এক পথিক বাস স্টপেজে এ দাঁড়িয়ে রয়েছে, গন্তব্য স্থলে যাওয়ার জন্য। তার দৃঢ় বিশ্বাস বাস আসবে। কিন্তু জানেনা কখন আসবে। সকাল থেকে দাঁড়িয়ে রয়েছে। সকাল যায়, দুপুর গড়িয়ে না বিকেল আসে কিন্তু বাস আসে না। তার বিশ্বাস ভাঙতে শুরু করেছে। হয়তো বাস আর নাও আসতে পারে। গন্তব্যে আর যাওয়া হবে না। পশ্চিম আকাশে কাল মেঘ দেখা দিয়েছে। পথিক মনে মনে একটু ভয়ও পাচ্ছে। অবশেষে সব অপেক্ষার অবসান ঘটল। বাস আসল। দাঁড়াল বাস স্টপেজে কিন্তু বাসের দরজা খুলল না। কন্ডাকটর জানলা দিয়ে মুখ বাড়িয়ে পথিকটিকে জিজ্ঞেস করল "পাঁচ টাকা পঁচিশ পয়সা আছে তো?" পথিকটি হস্ততন্ত হয়ে পকেট গুলো হাতড়াতে থাকল। বাম পকেট থেকে দুটি এক টাকার কয়েন আর ডান পকেট থেকে এক টাকার একটা কয়েন আর বুক পকেট থেকে একটা ছেঁড়া দু টাকার নোট বের করল। এখানো বাকি পঁচিশ পয়সা। কন্ডাকটর চিৎকার করে বলল "আছে টাকা?" বিষণ্ণ মুখে পথিক বলল "পঁচিশ পয়সা কম আছে বাবু। বাবু নিয়ে চলুন না।" কন্ডাকটর চিৎকার করে পথিকটি কে গালিগালাজ দিতে দিতে চলে গেল। পথিক বাসের পিছনে পিছনে ছুটতে লাগল। তার কাছ থেকে বাসটা আসতে আসতে দূরে চলে যাচ্ছে। পথিকটি ভেবে ছিল যার জন্য সকাল থেকে অপেক্ষায় ছিল, সে হয় তো দাঁড়াবে। বুঝল না তার কষ্ট। পথিকের চোখ দুটো ছাপসা হতে লাগল। কখন বৃষ্টি শুরু হয়ে গেছে। দু'চোখ দিয়ে বৃষ্টি ধারা বয়ে চলছে। বৃষ্টিতে কেউ বুঝল না তার চোখের জল।





TRAVEL STORY



তুঙ্গনাথের পথে (ভ্রমণকাহিনী)

Diptangshu Pal, (B.Tech, CE)
Institute of Science and Technology

কেদারনাথ থেকে পায়ে হেঁটে নেমে আসবার পর শরীর যেন ব্যথায় ভেঙে পড়ছিলো। গত রাত্রিতে গুপ্তকাশীর হোটেলে গরম জলে স্নান করে বেশ ভালোই ঘুমিয়েছি। আজ বেশ ঝরঝরে লাগছে। গুপ্তকাশী বাস স্ট্যান্ডে আরো দু'জন Trekkers দের সাথে পরিচিত হলাম। ওরা দু'জন উখীমট হয়ে রাশি গ্রাম পর্যন্ত আজ যাবেন। কাল যাত্রা করবেন মদমহেশ্বরের উদ্দেশ্যে। গুপ্তকাশী থেকে সরাসরি চোপতা আসার কোন বাস না পাওয়ায়, ঘন্টাখানেক অপেক্ষা করার পর, ওনাদের সাথে, আমি আর সমিত দা, চারজন একসাথে একটা ছোট গাড়ী ভাড়া করলাম। অগত্যা অনেকটা বেশি ভাড়া দিয়ে আমরা বেরিয়ে পড়লাম সকাল সাড়ে ছ'টা নাগাদ।

পাহাড়ী রাস্তার প্রভাতী সৌন্দর্য তুলনাহীন। আমাদের থেকে অনেক কমবয়সী ঐ ছেলে দুটি তামিলনাড়ু থেকে এসেছেন। উখীমটে ওনারা নেমে যাওয়ার পর, আমরা নিস্তব্ধ নিব্বুম পাহাড়ী জঙ্গলে রাস্তা ধরে এগিয়ে চললাম চোপতার দিকে। উত্তরাখণ্ড রাজ্যের অন্তর্গত রুদ্রপ্রয়াগ জেলাস্থিত চোপতা বিখ্যাত এর Mini Switzerland' নামকরণে। সকাল সাড়ে আটটা নাগাদ, সমুদ্রতল থেকে 2608 মিটার উঁচুতে অবস্থিত চোপতাতে আমরা পৌঁছলাম। Maggi আর চা খেয়ে Breakfast সেরে নিলাম। সন্দের Rucksack ওখানে একটি দোকানে রেখে, প্রয়োজনীয় কিছু জিনিসপত্র একটা ছোট ব্যাগে নিয়ে, 'জয় বাবা তুঙ্গনাথ' ধবনি তুলে, আমরা তুঙ্গনাথ মন্দির উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম।

চোপতা থেকে মাত্র পাঁচ কিলোমিটার দূরত্বের যাত্রা এই তুঙ্গনাথ মন্দির, যাকিনা পায়ে হেঁটে অথবা ঘোড়ায় চড়ে যাওয়া যেতে পারে। কেদারনাথে পরপর দু'দিন ওঠা এবং নামার পর গা হাত পা বেশ ব্যথা ছিল। সেই ব্যথা আজ যেন টাটিয়ে উঠলো। বেশ কিছুটা রাস্তা ধীরে ধীরে পায়ে হেঁটে ওঠার পর চোপতা উপত্যকার অসাধারণ সৌন্দর্য দেখা দিল। আস্তে আস্তে চলতে লাগলাম। যতই এগোতে লাগলাম, ততই মনে হতে লাগলো-"এ কোথায় এলাম।" এ কোন স্থান।" প্রাকৃতিক সৌন্দর্যের আবেদন এমন দীপ্তিমানতায় ভাস্বর, তা কোন শব্দ দিয়েই প্রকাশ করা যায় না। চড়াই ভাঙতে ভাঙতে উপলব্ধি করলাম এই নামকরণের কারণ। শারীরিক ব্যথা ভুলে মন এক অপরিসীম আনন্দে ভরে উঠল। এপ্রিল মে মাস নাগাদ এখানে ফুটে ওঠা রডোডেনড্রন চোপতার সৌন্দর্যকে অনেকগুণ বাড়িয়ে দেয়। বিখ্যাত হিমালয়ান মোনাল ছাড়াও দুশো চল্লিশটি প্রজাতির পাখি এই অঞ্চলে দেখতে পাওয়া যায়। চলার পথে বুরানস রসের স্বাদ নিলাম। সে স্বাদ চড়াই এর ক্লান্তি ভুলিয়ে দিলো। পাহাড় চড়তে চড়তে একের পর এক তুষারশৃঙ্গ পর্বত দেখতে পেলাম। নাম জানিনা তখনো, জানবো একদিন পর, সে কথায় পরে আসছি। দূরে সেই পর্বতশ্রেণী আর চোখের সামনে চেউ খেলানো সবুজ ঘাসের মখমল সদৃশ চোপতা উপত্যকা আমাদের আনন্দ বাড়িয়ে তুললো। চলার পথে দেখা হলো মুসৌরির লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল অ্যাকাডেমির Trainee IAS দের সাথে। প্রায় দুপুর একটা নাগাদ আমরা গন্তব্যে পৌঁছলাম।

সমুদ্রপৃষ্ঠ থেকে 3680 মিটার উচ্চতায় অবস্থিত বিশ্বের সর্বোচ্চ শিবমন্দির হলো এই তুঙ্গনাথ মন্দির। কথিত, আনুমানিক প্রায় পাঁচ হাজার বছর আগে পাণ্ডবদের দ্বারা স্থাপিত এই মন্দির। ভগবান শিবের বাহু এবং হৃদয় এর পূজার স্থান এই মন্দির। পঞ্চকেদারের (কেদারনাথ, রুদ্রনাথ, তুঙ্গনাথ, মধ্যমহেশ্বর ও কল্লেস্বর) মধ্যে কেবলমাত্র এই তুঙ্গনাথ মন্দিরের পূজার্তনা করেন স্থানীয় মাকুমট গ্রামের মৈটানি ব্রাহ্মণ পুরোহিত। বাকি মন্দির গুলিতে ভগবান শিব পূজিত হন দক্ষিণ ভারতীয় ব্রাহ্মণদের দ্বারা। শীতে বরফপাতের দরুণ মন্দিরের দরজা বন্ধ হলে, তুঙ্গনাথ থেকে উনত্রিশ কিমি. দূরে মাকুমট স্থিত মার্কণ্ডেশ্বর মন্দিরে দেবতার প্রতিকৃতি স্থানান্তরিত হয়। দেবাদিদেব তখন সেখানেই পূজিত হন।

ব্যগ নিয়েই একেবারে প্রথমে মন্দিরে প্রবেশ করলাম। যথারীতি নিয়ম মেনে পূজা দিলাম আমরা, এক অপূর্ব আনন্দে আনন্দিত এ হৃদয় আজ। প্রসাদ পাওয়ার পর, মন্দিরের কাছেই, প্রেরণা কুটির হোমস্টেটে উঠলাম আমরা। খুবই সাধারণ ব্যবস্থা। বেশি কিছু আশা করা অন্যায্য। আগামীকাল খুব ভোরে, এখান থেকে দেড় কিমি. উপরে চন্দ্রশীলা থেকে সূর্যোদয় দেখার উদ্দেশ্যে আজকের এই রাত্রিযাপন। কিছুক্ষণ বিশ্রাম নেওয়ার পর মন্দির প্রাঙ্গণে চলে এলাম। মন্দিরের বিপরীতে বুগিয়ালে দাঁড়িয়ে সামনের দিকে বিস্ময় দৃষ্টি মেলে রইলাম। আকাশে অস্তমিত সূর্যের বিভিন্ন রঙ ও মেঘের খেলা মনকে এক অনাবিল পুলকে ভরিয়ে তুললো। এই আপাত উদ্দেশ্যহীন একঘেঁয়ে জীবনযাপনে ক্লিষ্ট, রিষ্ট হয়ে উঠে চোখ বুজলে, সেই অসামান্য প্রাকৃতিক সৌন্দর্য আমার মনের আকাশে ধরা দেয়, মুছে দেয় আমার সমস্ত শান্তি, ক্লান্তি, অবিলতাকে। এই যাত্রার সুযোগ দেওয়ার জন্য প্রতিনিয়ত জানাই আমার সমস্ত প্রণাম সেই মহান স্রষ্টাকে। ওখানে পরিচিত হলাম আমন নামে এক ফুরফুরে মিষ্টি ছেলের সাথে। ও ওখানের গনেশ হোমস্টেটের কর্মচারী। দূরে আঙুল দেখিয়ে ওদের গ্রাম দেখালো। সন্ধ্যায় মন্দিরে সন্ধ্যারতি দেখে, প্রচণ্ড ঠান্ডায় কাঁপতে কাঁপতে ৭টা নাগাদ ফিরে এলাম আস্তানায়। আগামীকাল ভোরে তিনটের সময় বেরোতে হবে আমাদের। এর মধ্যে হল এক বিপত্তি। ভুল করে সমিতদা ওর Jacket টা বড় ব্যাগের মধ্যে চোপতাত রেখে চলে এসেছে। আমার কাছেও দ্বিতীয় কোন গরম জামা নেই। ঐ তীব্র ঠান্ডায় ভালো গরম জামাকাপড় ছাড়া ভোর তিনটের সময় চন্দ্রশীলায় যাওয়া আমাদের মতো সাধারণ মানুষের পক্ষে এক কথায় অসম্ভব। সমিতদা যেতে চাইলো না। আমি তো নাছোড়বান্দা। একসাথে এসেছি, একসাথেই যাবো, এই আমার ভাব। কিচেনে খাওয়ার সময় একপ্রকার নিরুপায় হয়েই ওখানকার একজনকে সমস্যার কথা বলতে, উনি নির্দিষ্ট সময় ওনার একখানা Jacket দিয়ে দিলেন।

বললেন ভুলে গেছেন বলে এই সুযোগ কেউ ছাড়ে নাকি? কি বলবো, কি প্রতিক্রিয়া জানাবো, বুঝতে পারছি না। জানতাম পাহাড়ীরা সহজ সরল হন, সেই বিশ্বাসেই আমি চেয়েছিলাম। আমরা দু'জনেই ওনার আচরণে গর্বিত হলাম। আমরা সমতলে যে ভারতবর্ষকে দেখি, যে দেশবাসীকে দেখি আর এই ভারতবর্ষ, দেশবাসী কি এক? মনে প্রশ্ন জাগে। এই তো আমার দেশ, আমার ভ্রাতৃপ্রতিম দেশবাসী। এই যাত্রায় কত যে সাধারণ স্থানীয় মানুষের সাথে পরিচয় হল, পেলাম তাদের আন্তরিক সাহায্য তালিখতে গেলে, আলাদা করে আরেকটা লেখালিখতে হবে।

ভোরবেলায় দেখা হলো আমাদের হোমস্টেটে থাকা অন্য সহযাত্রীদের সাথে। ওনারা ঐ ভোরে স্নান করে বেরোচ্ছেন। ওনারা চারজন বিশাল বিশাল দুই ক্যামেরা, দুটি টুল, মাথায়-হেড ল্যাম্প লাগিয়ে এগোতে লাগলেন। ওনাদের সাথে আমরাও হাতের টর্চ সম্বল করে হাঁটতে লাগলাম। রাস্তা বলে তো কিছু নেই, এবড়ো খেবড়ো পাথর ছড়ানো খাড়াই পাহাড়ি ঢাল। ওনারা কখনো অপেক্ষা করে, কখনো হাত ধরে টেনে সাহায্য করে আমাদের সাথে নিয়ে এগিয়ে চললেন। চলতে চলতে জানতে পারলাম ভদ্রলোকটিকে, নাম দীপক মানোচ্চা। উত্তরাখন্ডের শ্রীনগর নিবাসী ব্যক্তিটি পেশায় প্রমোটার আর নেশায় আকাশ দেখে বেড়ান। সঙ্গে নিজের ছেলে, ছেলের বন্ধু এবং নিজের এক বন্ধু। আমরা সবাই চন্দ্রশীলা পৌঁছালাম ভোর চারটে বেজে কুড়ি মিনিট নাগাদ। অন্ধকার তখনো আছে। অন্ধকার সুস্পষ্ট আকাশের যে এমন সৌন্দর্য হতে পারে, তা আগে জানা ছিলো না। কত নক্ষত্র, তারা পরা দেখলাম। ওনাদের ক্যামেরায় ছায়াপথ দেখলাম। কত নির্মল এ প্রকৃতি, অসাধারণ, ওনারা তো ওনাদের বয়ে আনা একটা টুল দিয়ে দিলেন আমায় বসবার জন্য। আমি তো লজ্জায় পড়ে গেলাম। ওনারা কোন কথাই শুনলেন না। হায়, আমরা কিসব ভাবনা চিন্তা নিয়ে দিন গুজরান করি, মনকে কলুষিত করি। আর এনারা, এই জায়গায় গিয়েও এতটা পথ কষ্ট করে বয়ে আনা টুল নিশ্চিন্তে আমায় বসতে দিয়ে দিলেন, ভেজা মাটিতে বসতেই দিলেন না। এনারা ভুললেন না- 'অতিথি দেবো ভবঃ'। এই তো আমার দেশের হৃদয় উন্মিত মন্ত্র। আমি গর্বিত, আমি এদেশে জন্মেছি, আমি সদা প্রণত আমার দেশমাতৃকার প্রতি। ধীরে ধীরে উষা হলো। সবিতা দেখা দিলেন। অপূর্ব একক্ষণ। আমরা গেয়ে উঠলাম ঋকবেদ খ্যাত বিখ্যাত গায়ত্রী মন্ত্র। এক অপূর্ব, অনাস্বাদিত আনন্দ হৃদয় গভীরে উথলে উঠলো। চোখের সামনে যা দেখছি, চিরস্মরণীয় হয়ে থাকবে এ নশ্বর জীবনে। দীপকবাবু চিনি দিয়ে দিচ্ছিলেন এসে একে দূরের দৃশ্যমান পর্বতগুলিকে, গঙ্গোত্রী যমুনোত্রী দ্রোণগিরি নন্দাদেবী - ত্রিশূল - চৌখাম্বা ইত্যাদি, ইত্যাদি।

সকাল ছ'টা নাগাদ আমরা নেমে এলাম। নামবার সময় বুঝলাম, অত রাতে কী ঝুঁকি নিয়ে আমরা ঐ পথ দিয়ে উঠেছিলাম। পাথরগুলি সব ভোরের শিশির জলে ভেজা, একটু পা হড়কালে এ শরীর আর ফিরে পাওয়া যাবে না। যাই হোক, ধীরে ধীরে, অজানা, অনামা সুন্দর সুন্দর মিষ্টি ফুলের গাছের মধ্য দিয়ে নেমে এলাম সবাই। তুঙ্গনাথ মন্দিরে, আমাদের আরাধ্য, আমার জীবনদেবতা। দেবাদিদেব মহাদেবকে প্রণাম জানিয়ে বেরিয়ে এলাম। সামান্য কিছু খাবার খেয়ে উৎরাই এর পথ বেয়ে নামতে শুরু করলাম চোপতার উদ্দেশ্যে। একই পথ দিয়ে নেমে আসা। সেই অসাধারণ সৌন্দর্যের হাতছানি, যেনো মনে হচ্ছিল সারাটা জীবন এখানেই রয়ে যাই। নামতেই লাগলাম সেই একঘেঁয়ে ঈর্ষা লোভ-ভীতু, পরশ্রীকাতর - আত্মকেন্দ্রিক জীবনের দিকে।





Thank You !

Disclaimer :

The College takes no responsibility for any instances of plagiarism, copyright infringement, or other legal violations related to the content submitted for publication in this magazine. While the College has carefully reviewed the literary and artistic quality of the submissions and enthusiasm of the participants, it is important to note that the responsibility for ensuring the originality of the work, including proper citation of sources and adherence to copyright laws, rests solely with the author. The College does not verify the authenticity of external sources or the accuracy of any claims made within the content. Authors are fully accountable for any legal or ethical issues if arise from their work.

